

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস. আর. ও নম্বর ২৮০-আইন/২০১৫।—নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ (২০১৩ সনের ৫২ নম্বর আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। শিরোনাম।—(১) এই বিধিমালা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “অভিভাবক” অর্থ ধারা ২ এর দফা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে বিধি ২৩ এর উপ-বিধি (১) বা, ক্ষেত্রমত, বিধি ২৯ এর উপ-বিধি (৫) এর অধীন নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি এবং, প্রযোজ্য ক্ষেত্রে, অভিভাবক সংগঠনও উহার অন্তর্ভুক্ত হইবে;
- (খ) “অভিভাবক সংগঠন” অর্থ বিধি ২৯ এর উপ-বিধি (৫) এর অধীন নিয়োগপ্রাপ্ত কোনো সংগঠন;
- (গ) “আইন” অর্থ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ (২০১৩ সনের ৫২ নং আইন);

(৭১০৩)

মূল্য : টাকা ৪৪.০০

- (ঘ) “উপদেষ্টা পরিষদ” অর্থ ধারা ১১ এর অধীন গঠিত উপদেষ্টা পরিষদ;
- (ঙ) “চেয়ারপারসন” অর্থ বোর্ডের চেয়ারপারসন;
- (চ) “জেলা কমিটি” অর্থ ধারা ২০ এর অধীন গঠিত জেলা কমিটি;
- (ছ) “ট্রাস্ট” অর্থ ধারা ৮ এর উপ-ধারা (১) এর অধীন স্থাপিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট;
- (জ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;
- (ঝ) “ধারা” অর্থ আইনের কোনো ধারা;
- (ঞ) “নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি” অর্থ ধারা ৩ এ উল্লিখিত যে কোনো ধরনের প্রতিবন্ধিতাসম্পন্ন ব্যক্তি;
- (ট) “নিবন্ধনকারী কর্তৃপক্ষ” অর্থ বোর্ড বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;
- (ঠ) “নিবন্ধনকারী কর্তৃপক্ষের কার্যালয়” অর্থ ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়;
- (ড) “নিবন্ধিত সংগঠন” অর্থ ধারা ২১ এর অধীন এই বিধিমালার বিধান অনুযায়ী নিবন্ধিত কোনো সংগঠন;
- (ঢ) “ফরম” অর্থ তফসিলে উল্লিখিত কোনো ফরম;
- (ণ) “বোর্ড” অর্থ ধারা ১৩ এর অধীন গঠিত ট্রাস্টি বোর্ড;
- (ত) “ব্যবস্থাপনা পরিচালক” অর্থ ধারা ৩০ এর অধীন নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক; এবং
- (থ) “মহাপরিচালক” অর্থ সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক।

(২) এই বিধিমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

দ্বিতীয় অধ্যায়

উপদেষ্টা পরিষদ এবং জেলা কমিটির সভা, দায়িত্ব ও কার্যাবলী

৩। উপদেষ্টা পরিষদের সভা —(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, উপদেষ্টা পরিষদ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) সভার আলোচ্যসূচি, তারিখ, সময় ও স্থান উপদেষ্টা পরিষদের সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে এবং, তাহার অনুমোদনক্রমে, উপদেষ্টা পরিষদের সদস্য-সচিব সভা আহ্বান করিবেন:

তবে শর্ত থাকে যে, প্রতি বৎসর উপদেষ্টা পরিষদের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে:

আরও শর্ত থাকে যে, জরুরী প্রয়োজনে, যে কোনো সময় উপদেষ্টা পরিষদের জরুরী সভা আহ্বান করা যাইবে।

(৩) উপদেষ্টা পরিষদের সভাপতি উপদেষ্টা পরিষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, তাহার অনুমতিক্রমে, উপদেষ্টা পরিষদের সহ-সভাপতি সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) উপদেষ্টা পরিষদের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) উপদেষ্টা পরিষদের সভাপতি, প্রয়োজনে, সভার আলোচ্যসূচির সহিত সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তিকে সভায় আমন্ত্রণ করিতে পারিবেন, তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উক্ত ব্যক্তির ভোট প্রদানের অধিকার থাকিবে না।

৪। উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও কার্যাবলী।—আইনের উদ্দেশ্য পূরণকল্পে, উপদেষ্টা পরিষদের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বোর্ডের কার্যক্রম পরিবীক্ষণ;

(খ) ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদান; এবং

(গ) উপরি-উক্ত দায়িত্ব সম্পাদন এবং আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনে, যে কোনো ব্যবস্থা গ্রহণ।

৫। জেলা কমিটির সভা।—(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জেলা কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) সভার আলোচ্যসূচি, তারিখ, সময় ও স্থান জেলা কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে এবং, তাহার অনুমোদনক্রমে, জেলা কমিটির সদস্য-সচিব সভা আহ্বান করিবেন:

তবে শর্ত থাকে যে, প্রতি ৩(তিন) মাসে জেলা কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) জেলা কমিটির সভাপতি উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে, তাহার অনুমতিক্রমে, কমিটির অন্য কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) সভার কোরামের জন্য জেলা কমিটির মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) জেলা কমিটির সভাপতি, সদস্যগণের সহিত আলোচনাক্রমে, প্রয়োজনে, সভার আলোচ্যসূচির সহিত সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তিকে সভায় আমন্ত্রণ করিতে পারিবেন, তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে উক্ত ব্যক্তির ভোট প্রদানের কোনো অধিকার থাকিবে না।

৬। জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী।—আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) অভিভাবকত্বের আবেদন যাচাই-বাছাই;
- (খ) অভিভাবক নিয়োগের প্রয়োজনীয়তা, দায়িত্ব গ্রহণের যথার্থতা, সামর্থ্য ও উদ্দেশ্য যথাযথভাবে বিবেচনা;
- (গ) অভিভাবকত্বের আবেদন অনুমোদনের জন্য বোর্ড বরাবর সুপারিশ প্রেরণ;
- (ঘ) বোর্ডের নির্দেশনা অনুসারে চুক্তিনামা সম্পাদনপূর্বক অভিভাবক নিয়োগ;
- (ঙ) আশ্রয়হীন অবস্থায় প্রাপ্ত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য জরুরী প্রয়োজনে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
- (চ) অভিভাবকত্বের আওতাধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অবস্থা, সময়ে সময়ে, সরেজমিনে পরিদর্শন;
- (ছ) সংশ্লিষ্ট জেলার অভিভাবকগণের তথ্য সংরক্ষণ;
- (জ) অভিভাবকত্বের আওতাধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাব বিবরণী সংরক্ষণ;
- (ঝ) নিবন্ধিত সংগঠনের সামগ্রিক অবস্থা, সময়ে সময়ে, সরেজমিনে পরিদর্শন;
- (ঞ) বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;
- (ট) উহার উপর অর্পিত দায়িত্ব সম্পাদনের অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়নপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
- (ঠ) উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোনো ব্যবস্থা গ্রহণ।

তৃতীয় অধ্যায়
সংগঠন নিবন্ধন

৭। সংগঠনের নামের ছাড়পত্র গ্রহণ।—(১) কোনো ব্যক্তি, ধারা ২১ এর উদ্দেশ্য পূরণকল্পে, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণার্থে, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি বা তাহাদের অভিভাবকদের সংগঠন গঠন করিতে চাহিলে অথবা ইতঃপূর্বে গঠিত, অন্য কোনো আইনের অধীন নিবন্ধিত নহে, এইরূপ কোনো সংগঠন চলমান রাখিতে চাহিলে, তফসিল-১ এর ফরম-ক অনুযায়ী সংগঠনের নামের ছাড়পত্র গ্রহণের জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর উহার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) আইন কার্যকর হইবার পূর্বে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণার্থে প্রতিষ্ঠিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের বা তাহাদের অভিভাবকদের সংগঠনকে এই বিধিমালা কার্যকর হইবার অনধিক ৬(ছয়) মাসের মধ্যে উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী সংগঠনের নামের ছাড়পত্রের জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, অন্য কোনো আইনের অধীন নিবন্ধিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের বা তাহাদের অভিভাবকদের কোনো সংগঠন আইনের আওতায় নিবন্ধিত হইবার ইচ্ছা পোষণ করিলে, উহাকে নামের ছাড়পত্র গ্রহণের জন্য আবেদন করিবার প্রয়োজন হইবে না।

(৩) আবেদনকৃত নামে অনুরূপ কোনো সংগঠন ইতঃপূর্বে অনুমোদনপ্রাপ্ত হইয়াছে কি না নিবন্ধনকারী কর্তৃপক্ষ তাহা যথাযথভাবে যাচাই-বাছাই করিয়া, সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসারে, জাতীয় নিরাপত্তার বিষয়ে নিশ্চিত হইবে।

(৪) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উপ-বিধি (৩) অনুসারে, জাতীয় নিরাপত্তার বিষয় নিশ্চিত হইবার পর আবেদনকারী সংগঠনের নাম অনুমোদন করিয়া তফসিল-১ এর ফরম-খ অনুযায়ী কর্মএলাকা উল্লেখ করতঃ নামের ছাড়পত্র প্রদান করিবে অথবা, ছাড়পত্র প্রদান না করিলে, সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক তফসিল-১ এর ফরম-গ অনুযায়ী সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবেন এবং ক্ষেত্রমত, নাম সংশোধনের সুযোগ প্রদান করিবে।

৮। নিবন্ধনের জন্য আবেদন, ইত্যাদি।—(১) বিধি ৭ এর অধীন নামের ছাড়পত্র প্রাপ্ত সংগঠন নিবন্ধনের জন্য, উক্ত ছাড়পত্র প্রাপ্তির অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে, নিম্নবর্ণিত আবেদনপত্র ও গঠনতন্ত্র ও ট্রেজারি চালানের কপি নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে, যথা:—

(ক) তফসিল-১ এর ফরম-ঘ অনুযায়ী আবেদনপত্র;

(খ) তফসিল-১ এর ফরম-ঙ অনুযায়ী প্রণীত গঠনতন্ত্র; এবং

(গ) ‘অলাভজনক প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফি’ খাতে সরকার কর্তৃক নির্ধারিত কোডে নিবন্ধন ফি হিসাবে জমাকৃত ৫,০০০ (পাঁচ হাজার) টাকার ট্রেজারি চালানের মূলকপি।

(২) কোনো সংগঠন যুক্তিসঙ্গত কোনো কারণে বিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে আবেদনপত্র দাখিল করিতে সক্ষম না হইলে, মেয়াদ শেষ হইবার পূর্বে, মেয়াদ বৃদ্ধির জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে পারিবে এবং, যুক্তিসংগত কারণ থাকিলে, নিবন্ধনকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কর্মদিবস পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উক্ত বর্ধিত সময়ের মধ্যেও কোনো সংগঠন নিবন্ধনের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে, উহাকে নূতন করিয়া নামের ছাড়পত্র গ্রহণের জন্য আবেদন করিতে হইবে।

(৩) অন্য কোনো আইনের অধীন ইতঃপূর্বে নিবন্ধিত, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণার্থে প্রতিষ্ঠিত, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের অথবা তাহাদের অভিভাবকদের সংগঠন, এই আইনের অধীন সুবিধা লাভের ইচ্ছা পোষণ করিলে, উহাকে উপ-বিধি (১) অনুযায়ী, নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে।

(৪) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনপ্রাপ্ত হইলে, সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় অনুসন্ধানপূর্বক, প্রতিবেদনসহ তদ্বরাবরে মতামত প্রদানের জন্য উক্ত আবেদনপত্র সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালকের নিকট প্রেরণ করিবে।

(৫) জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক, উপ-বিধি (৪) এর অধীন, কোন আবেদনপত্র প্রাপ্ত হইলে তিনি নিজে বা অন্য কোনো কর্মকর্তার মাধ্যমে, আবেদনপত্রের সহিত সংযোজিত কাগজপত্রের সঠিকতা যাচাই করিবেন এবং তফসিল-১ এর ফরম-চ অনুযায়ী একটি অনুসন্ধান প্রতিবেদন, নিবন্ধন বিষয়ে তাহার মতামতসহ, নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবেন।

(৬) নিবন্ধনকারী কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত অনুসন্ধান প্রতিবেদনে সন্তুষ্ট হইলে, ক্ষেত্রমত, উপ-বিধি (১) বা (৩) এর অধীন আবেদনকারী সংগঠনের অনুকূলে তফসিল-১ এর ফরম-ছ অনুযায়ী নম্বরসহ একটি নিবন্ধন সনদপত্র ইস্যু করিবে অথবা তফসিল-১ এর ফরম-জ অনুযায়ী আবেদন প্রত্যখ্যানের বিষয়ে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৭) নিবন্ধনকারী কর্তৃপক্ষ উপ-বিধি (৬) এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদ সম্পর্কে তফসিল-১ এর ফরম-ঝ অনুযায়ী একটি রেজিস্টার সংরক্ষণ করিবে।

৯। নিবন্ধন নবায়ন, ইত্যাদি।—(১) নিবন্ধিত সংগঠনকে ৫ (পাঁচ) বৎসর অন্তর অন্তর নিবন্ধন নবায়ন করিতে হইবে।

(২) কোনো নিবন্ধিত সংগঠনের নিবন্ধনকাল ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইবার অন্তর ৩ (তিন) মাস পূর্বে উপ-বিধি (৩) এ উল্লিখিত কাগজপত্রসহ নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে নিবন্ধন নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(৩) নিবন্ধন নবায়নের জন্য উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত, সংগঠনের সহিত সম্পর্কিত, নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে, যথা:—

- (ক) নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- (খ) 'অলাভজনক প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফি' খাতে সরকার নির্ধারিত কোডে নিবন্ধন নবায়ন ফি হিসেবে জমাকৃত ৫,০০০/ (পাঁচ হাজার) টাকার ট্রেজারি চালানের মূলকপি ;
- (গ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সর্বশেষ কার্যকরী পরিষদের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) কার্যকরী পরিষদের সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, পেশা, আয় এবং স্বাক্ষর সংবলিত তালিকা;
- (ঙ) সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যয়িত সাধারণ সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, পেশা, আয় এবং স্বাক্ষর সংবলিত তালিকা;
- (চ) স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণী;
- (ছ) আয়ের উৎস সম্পর্কিত বিবরণী;
- (জ) আয় ও ব্যয়ের বিবরণ সম্বলিত বাজেট;
- (ঝ) সর্বশেষ বার্ষিক কার্যক্রম প্রতিবেদন;
- (ঞ) সর্বশেষ বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন; এবং
- (ট) কার্যকরী পরিষদের সদস্যগণ একই পরিবারের সদস্য ও সংগঠনের বেতনভুক্ত কর্মচারী নহেন মর্মে সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রত্যয়নপত্র ।

(৪) উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদনপত্র যথাযথ বিবেচিত হইলে, নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উহার সঙ্ঘটিক্রমে তফসিল-১ এর ফরম-এ৩ অনুসারে, নিবন্ধনের মেয়াদ ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইবার পূর্বে, সংশ্লিষ্ট নিবন্ধিত সংগঠনের অনুকূলে নিবন্ধন নবায়ন সনদপত্র ইস্যু করিবে অথবা কারণ উল্লেখপূর্বক আবেদন প্রত্যাহ্যানের বিষয়ে উক্ত সংগঠনকে অবহিত করিবে ।

(৫) কোনো কারণে কোনো নিবন্ধিত সংগঠন ৫ (পাঁচ) বৎসর অন্তর নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হইলে, মেয়াদ শেষ হইবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে এই বিধি অনুসারে নিবন্ধন নবায়ন করা যাইবে ।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত সময়ের মধ্যে কোনো নিবন্ধিত সংগঠন উহার নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হইলে, উক্ত সময় অতিক্রান্ত হইবার পর, উক্ত সংগঠনের নিবন্ধন সনদ বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

(৭) উপ-বিধি (৬) এর বিধান অনুসারে কোনো সংগঠনের নিবন্ধন বাতিল হইলে উক্ত সংগঠন, বিধি ১৯ এর বিধান অনুসারে, আপিল করিতে পারিবে।

(৮) উপ-বিধি (৬) এর বিধান অনুসারে কোনো সংগঠনের নিবন্ধন বাতিল হইলে এবং বিধি ১৯ এর বিধান অনুসারে, আপিল না করিলে অথবা, ক্ষেত্রমত, আপীল আবেদন প্রত্যাখ্যাত হইলে উক্ত সংগঠনের বিলুপ্তি ঘটিবে।

১০। ডুপ্লিকেট সনদপত্র।—(১) কোনো নিবন্ধিত সংগঠনের নিবন্ধন সনদপত্র হারানো, পোড়ানো বা অন্য কোনো কারণে নষ্ট হইলে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

- (ক) বিষয়টি স্থানীয় থানায় সাধারণ ডায়রিভুক্ত করতঃ জাতীয় দৈনিক পত্রিকায় এতদসংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করিতে হইবে; এবং
- (খ) 'অলাভজনক প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফি' খাতে সরকার নির্ধারিত কোডে ডুপ্লিকেট সনদপত্র ইস্যু ফি হিসাবে ৫,০০০. (পাঁচ হাজার) টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণের পর সংশ্লিষ্ট সংগঠনের সভাপতি বা সাধারণ সম্পাদক সাধারণ ডায়রি, পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির অনুলিপি এবং ট্রেজারি চালানোর মূলকপিসহ ডুপ্লিকেট সনদপত্র ইস্যুর জন্য নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্ত হইলে, নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উহার সম্বন্ধিক্রমে একই নম্বর ও তারিখে, একটি ডুপ্লিকেট সনদপত্র ইস্যু করিবে এবং সংশ্লিষ্ট রেজিস্টারে এতদসংক্রান্ত মন্তব্য লিপিবদ্ধ করিবে।

১১। নিবন্ধিত সংগঠনের আয়ের উৎস।—নিবন্ধিত সংগঠনের আয়ের উৎস হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) সরকার ও স্থানীয় কর্তৃপক্ষ প্রদত্ত দান ও অনুদান;
- (খ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির মাতা-পিতা বা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি কর্তৃক প্রদত্ত দান ও অনুদান;
- (গ) সংগঠনের সদস্যগণ প্রদত্ত চাঁদা, দান ও অনুদান;
- (ঘ) আর্থিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রদত্ত দান ও অনুদান;
- (ঙ) শিল্পপতি ও ব্যবসায়ীসহ যে কোনো ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত দান ও অনুদান;
- (চ) প্রচলিত আইন সাপেক্ষে কোনো বিদেশী সংস্থা, সংগঠন, ব্যক্তি বা অন্য কোনো উৎস হইতে প্রাপ্ত দান ও অনুদান।

১২। নিবন্ধিত সংগঠনের কর্মএলাকা সম্প্রসারণ।—(১) কোনো নিবন্ধিত সংগঠন নিবন্ধনের পর উহার কর্মএলাকা সম্প্রসারণের জন্য, উপ-বিধি (২) এ উল্লিখিত কাগজপত্রসহ, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে, যথা:—

- (ক) নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্রে কর্মএলাকা সম্প্রসারণের বিধান থাকিতে হইবে;
- (খ) আইন এবং গঠনতন্ত্রের সহিত সঙ্গতিহীন কোনো কর্মসূচি সম্প্রসারিত কর্মএলাকায় পরিচালনা করা যাইবে না;
- (গ) নিবন্ধন লাভের পর সংগঠনের কার্যক্রম সফলভাবে অনূ্যন ২ (দুই) বৎসর অতিক্রান্ত না হইলে কর্মএলাকা সম্প্রসারণের আবেদন করা যাইবে না;
- (ঘ) প্রস্তাবিত কর্মএলাকা সম্প্রসারণের জন্য আবেদনকালে সংগঠনের ব্যাংক হিসাবে নূ্যনতম ৩ (তিন) লক্ষ টাকার স্থিতি থাকিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র সংযোজন করিতে হইবে, যথা:—

- (ক) নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- (খ) নিবন্ধিত সংগঠনের কর্মএলাকা সম্প্রসারণের সিদ্ধান্ত সংবলিত সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি;
- (গ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্রের সত্যায়িত অনুলিপি;
- (ঘ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কার্যকরী কমিটির সদস্যগণের তালিকার সত্যায়িত অনুলিপি;
- (ঙ) চলমান কর্মসূচি সম্পর্কে সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি ও তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন;
- (চ) ‘নিবন্ধিত সংগঠনের কার্যক্রম সন্তোষজনক এবং প্রস্তাবিত এলাকায় উহার কার্যক্রম সম্প্রসারণযোগ্য’ মর্মে জেলা কমিটির সভাপতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- (ছ) নিবন্ধিত সংগঠনের ব্যাংক হিসাবের স্থিতি সংক্রান্ত ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- (জ) নিবন্ধিত সংগঠনের বর্তমান কর্মসূচির বিস্তারিত বিবরণ এবং উপকারভোগীর তালিকা;
- (ঝ) নিবন্ধিত সংগঠনের সাধারণ সদস্যদের নাম, মাতা-পিতার নাম, ঠিকানা, পেশা ও স্বাক্ষরসহ তালিকা;

- (এ) নিবন্ধিত সংগঠনের কর্মকর্তা ও কর্মচারীদের নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা এবং বেতন-ভাতার তথ্যসহ তালিকা;
- (ট) এক বৎসরের সম্ভাব্য বাজেট;
- (ঠ) সর্বশেষ বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন;
- (ড) আয়ের উৎস ও ব্যয়ের খাতওয়ারী বিবরণ সংবলিত সর্বশেষ বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন;
- (ট) সম্প্রসারিত এলাকায় কমিটি গঠন এবং কেন্দ্রীয় কমিটির সহিত উহার যোগাযোগ, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কিত বিবরণ; এবং
- (ণ) কার্যকরী পরিষদের সদস্য এবং কমিটির সদস্যগণ একই পরিবারের সদস্য ও সংগঠনের বেতনভুক্ত কর্মচারী নন মর্মে সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রত্যয়নপত্র।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে নিবন্ধনকারী কর্তৃপক্ষ, প্রয়োজনে, অনুসন্ধানপূর্বক সন্তুষ্ট হইলে, প্রস্তাবিত এলাকায় নিবন্ধিত সংগঠনের কর্মএলাকা সম্প্রসারণের জন্য অনুমতি প্রদান করিতে পারিবে।

(৪) এই বিধিতে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, অন্য কোনো আইনের অধীনে নিবন্ধিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের অথবা তাহাদের অভিভাবকদের সংগঠন আইনের আওতায় নিবন্ধিত হইলে এবং ইতোমধ্যে একাধিক জেলায় অনুমোদিতভাবে কর্মরত থাকিলে ঐ সকল জেলায় কর্মএলাকা সম্প্রসারণের জন্য আবেদন করার প্রয়োজন হইবে না।

১৩। নিবন্ধিত সংগঠন কর্তৃক পালনীয় শর্তাবলী।—(১) প্রত্যেক নিবন্ধিত সংগঠনকে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন করিতে হইবে, যথা ঃ—

- (ক) প্রতি অর্থ বৎসরের শেষে অনূর্ধ্ব ২(দুই) মাসের মধ্যে Bangladesh Chartered Accountants Order, 1973 (P. O. No. 2 of 1973) এর Article 2(1)(b)- তে সংজ্ঞায়িত “চার্টার্ড একাউন্টেন্ট” দ্বারা নিবন্ধিত সংগঠনের হিসাব নিরীক্ষাকরণ, সংরক্ষণ এবং নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ;
- (খ) প্রতি অর্থ বৎসরের শেষে অনূর্ধ্ব ২(দুই) মাসের মধ্যে নিম্নবর্ণিত বিষয়াদির বিবরণ সংবলিত একটি বার্ষিক কার্যক্রম প্রতিবেদন প্রকাশ এবং উহা নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ, যথা ঃ
- (অ) সংগঠনের ভিশন-মিশন স্টেটমেন্ট;
- (আ) সংগঠনের লক্ষ্য উদ্দেশ্য;

- (ই) সংগঠনের অর্গানোগ্রাম;
- (ঈ) সংগঠনের সাধারণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদির বিবরণ;
- (উ) প্রতিবেদন অর্থ-বৎসরে সম্পাদিত সেবা কার্যাবলীর প্রকৃতি ও ব্যাপকতার বিষয়ে আর্থিক সংশ্লেষসহ বিস্তারিত বিবরণ এবং, সম্ভব হইলে, উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি;
- (ঊ) পরবর্তী অর্থ বৎসরে সম্পাদিতব্য সেবা কার্যাবলীর প্রকৃতি ও আর্থিক সংশ্লেষসহ বাস্তবায়ন রূপরেখা; এবং
- (ঋ) প্রতিবেদন অর্থ-বৎসরের নিরীক্ষিত হিসাবের সংক্ষিপ্তসার;
- (গ) কোনো রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকে বা বেসরকারি বাণিজ্যিক ব্যাংকে সংগঠনের নামে খোলা পৃথক এক বা একাধিক হিসাবের মাধ্যমে সকল আর্থিক লেনদেন সম্পাদন;
- (ঘ) সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রদত্ত সকল ব্যাংক হিসাবের ত্রৈমাসিক হিসাব বিবরণী (Bank Statement) নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ;
- (ঙ) নিম্নবর্ণিত রেজিস্টারসমূহ সংরক্ষণ, যথা ঃ—
- (অ) তফসিল-১ এর ফরম-ট অনুযায়ী সদস্য রেজিস্টার;
- (আ) তফসিল-১ এর ফরম-ঠ অনুযায়ী সদস্যচাঁদা আদায়ের রেজিস্টার;
- (ই) তফসিল-১ এর ফরম-ড অনুযায়ী দান বা অনুদান গ্রহণ রেজিস্টার;
- (ঈ) সাধারণ সভার কার্যবিবরণী রেজিস্টার, যাহাতে সভার ক্রম, সভা অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির নাম ও ঠিকানা, সভায় উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও পদবী, সদস্যক্রম, মোবাইল ফোন নম্বর ও স্বাক্ষর, সভার আলোচ্যসূচি ও বিবরণী, সভায় গৃহীত সিদ্ধান্ত এবং সভায় সভাপতিত্বকারী ব্যক্তির তারিখসহ স্বাক্ষর উল্লেখ থাকিতে হইবে;
- (উ) কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী রেজিস্টার, যাহাতে সভার ক্রম, সভা অনুষ্ঠানের তারিখ, সময় ও স্থান, সভায় সভাপতিত্বকারী ব্যক্তির নাম ও ঠিকানা, সভায় উপস্থিত ব্যক্তিবর্গের নাম ও পদবী, মোবাইল ফোন নম্বর এবং স্বাক্ষর, সভার আলোচ্যসূচি ও বিবরণী, সভায় গৃহীত সিদ্ধান্ত এবং সভায় সভাপতিত্বকারী ব্যক্তির তারিখসহ স্বাক্ষর উল্লেখ থাকিতে হইবে;
- (ঊ) স্থাবর সম্পত্তির রেজিস্টার;
- (ঋ) অস্থাবর সম্পত্তির রেজিস্টার;

- (এ) আয়-ব্যয়ের বিবরণ সংবলিত হিসাব রেজিস্টার, যাহাতে নিবন্ধিত সংগঠন কর্তৃক প্রাপ্ত বা প্রদত্ত অথবা যাহাতে সংগঠনের পক্ষে প্রাপ্ত বা প্রদত্ত টাকার হিসাব কালক্রমানুযায়ী লিখিতে হইবে এবং যাবতীয় খরচের সমর্থনে প্রয়োজনীয় রশিদ পত্র সংরক্ষণ করিতে হইবে।
- (এ) তফসিলে-১ এর ফরম চ অনুসারে সেবা দানের বিবরণ সংবলিত রেজিস্টার;
- (গ) পত্র গ্রহণ, পত্র প্রেরণ ও পরিদর্শন রেজিস্টার; এবং
- (ঙ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য রেজিস্টার;
- (চ) সংগঠনের ঠিকানা পরিবর্তিত হইলে, কার্যকরী পরিষদের সভায় ঠিকানা পরিবর্তনের স্বপক্ষে গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণীসহ, অনূর্ধ্ব ৭(সাত) কর্মদিবসের মধ্যে নিবন্ধনকারী কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং
- (ছ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক, সময়ে সময়ে, জারিকৃত নির্দেশনা অনুসরণ।

(২) নিবন্ধিত সংগঠনের নগদ টাকা বা ভাণ্ডার তত্ত্বাবধান বা পরিচালনার জন্য দায়িত্বসম্পন্ন প্রত্যেক কর্মচারীকে উপযুক্ত আর্থিক সংগতিসম্পন্ন কোনো বাণিজ্যিক ব্যাংক বা বীমা কোম্পানির নিকট হইতে 'সততা মুচলেকা' সহকারে নিবন্ধিত সংগঠন কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থের একটি জামানত প্রদান করিতে হইবে এবং উক্ত মুচলেকার একটি অনুলিপি নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিতে হইবে।

১৪। নথি সংরক্ষণ, পরিদর্শন, ইত্যাদি।—(১) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, প্রতিটি নিবন্ধিত সংগঠনের জন্য পৃথক নথি সংরক্ষণ করিবে।

(২) বোর্ড কর্তৃক মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিতভাবে নিবন্ধিত সংগঠন পরিদর্শন করিবেন।

(৩) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, পরিদর্শন প্রতিবেদনের সারসংক্ষেপ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করিবে।

(৪) বোর্ড উপস্থাপিত প্রতিবেদন পর্যালোচনা করিবে এবং প্রয়োজনে নির্দেশনা প্রদান করিবে।

১৫। নিবন্ধিত সংগঠনের গঠনতন্ত্র অনুমোদন।—(১) নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কোনো নিবন্ধিত সংগঠনের গঠনতন্ত্র বৈধ বলিয়া বিবেচিত হইবে না।

(২) নিবন্ধনকারী কর্তৃপক্ষ অনুমোদিত গঠনতন্ত্রের প্রতি পাতায় সীলমোহর ও তারিখসহ স্বাক্ষর প্রদান করিবে।

(৩) নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত, নিবন্ধিত সংগঠনের গঠনতন্ত্রের কোনো সংশোধনী বৈধ ও কার্যকরী বলিয়া বিবেচিত হইবে না।

(৪) নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য দাখিলের পূর্বে প্রণীত বা সংশোধিত গঠনতন্ত্র, নিবন্ধিত সংগঠনের সাধারণ সভায় দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতিতে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

১৬। কার্যকরী পরিষদ গঠন, অনুমোদন, ইত্যাদি।—(১) প্রতিটি নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদের মেয়াদ হইবে ২(দুই) বৎসর।

(২) মেয়াদ শেষ হইবার ৩(তিন) মাস পূর্বে অনুমোদিত কার্যকরী পরিষদ অথবা, ক্ষেত্রমত, নিবন্ধনকারী কর্তৃপক্ষ পরবর্তী কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে একটি নির্বাচন কমিশন গঠন করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন গঠিত নির্বাচন কমিশন নিবন্ধিত সংগঠনের গঠনতন্ত্রে বর্ণিত পদ্ধতি ও সময় অনুসরণপূর্বক কার্যকরী পরিষদ গঠনের ব্যবস্থা গ্রহণ করিবে।

তবে শর্ত থাকে যে, উক্ত সময় ৩(তিন) মাসের অধিক হইবে না:

আরও শর্ত থাকে যে, দেশে উদ্ভূত কোনো জরুরী অবস্থা কিংবা কোনো সংকটময় পরিস্থিতি অথবা বিশেষ কোনো অবস্থায় নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উহার সম্বন্ধিক্রমে, উক্ত সময় প্রয়োজনানুসারে বর্ধিত করিতে পারিবে।

(৪) নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণক্রমে নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদ গঠন করিতে হইবে, যথা:—

- (ক) কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা অনূন্য ৭(সাত) হইতে অনূর্ধ্ব ২১(একুশ) পর্যন্ত যে কোন বিজোড় সংখ্যার সমপরিমাণ হইবে;
- (খ) কার্যকরী পরিষদের সদস্য সংখ্যার অনূন্য ৩(তিন) গুণ সাধারণ সদস্য থাকিতে হইবে;
- (গ) কার্যকরী পরিষদের এক-তৃতীয়াংশ সদস্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি বা তাহার অভিভাবক হইতে হইবে;
- (ঘ) কার্যকরী পরিষদের এক-পঞ্চমাংশ সদস্য নারী হইতে হইবে;
- (ঙ) কার্যকরী পরিষদের সদস্যগণ একই পরিবারের সদস্য ও নিবন্ধিত সংগঠনের বেতনভুক্ত কর্মচারী হইতে পারিবেন না।

(৫) নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত গঠিত বা নির্বাচিত কোনো কার্যকরী পরিষদ বৈধ বলিয়া বিবেচিত হইবে না।

১৭। কার্যকরী পরিষদ বরখাস্ত, নিবন্ধিত সংগঠনের কার্যাবলি স্থগিতকরণ, ইত্যাদি।—(১) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, লিখিত আদেশ দ্বারা, কারণ দর্শানোর সুযোগ প্রদানপূর্বক, নিম্নবর্ণিত কোনো কারণে কার্যকরী পরিষদ বা উহার কোনো সদস্যকে বরখাস্ত অথবা নিবন্ধিত সংগঠন কর্তৃক পরিচালিত এক বা একাধিক কার্যক্রম স্থগিত করিতে পারিবে, যথা:—

- (ক) সংগঠনের তহবিল পরিচালনায় অনিয়ম;
- (খ) সংগঠনের কার্যক্রম পরিচালনায় অব্যবস্থাপনা;
- (গ) আইন বা বিধিমালার বিধান অথবা তদধীন প্রণীত সংগঠনের গঠনতন্ত্র বা নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা মানিয়া চলিতে ব্যর্থতা;
- (ঘ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, কোনো রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িত হওয়া; অথবা
- (ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান বা রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ড বা সন্ত্রাসী কার্যক্রমে লিপ্ত হওয়া।

(২) যদি উপ-বিধি (১) এর অধীন কোনো নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদকে বরখাস্ত করা হয়, তাহা হইলে নিবন্ধনকারী কর্তৃপক্ষ, তৎকর্তৃক নির্ধারিত সময়ের জন্য, একজন প্রশাসক নিয়োগ করিতে অথবা উক্ত পরিষদের অনধিক পাঁচজন সদস্য সমন্বয়ে একটি তত্ত্বাবধায়ক পরিষদ গঠন করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত প্রশাসক বা, ক্ষেত্রমত, তত্ত্বাবধায়ক পরিষদ, নিবন্ধিত সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী, কার্যকরী পরিষদের সকল ক্ষমতা প্রয়োগের অধিকারী হইবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচনের মাধ্যমে নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদ গঠনপূর্বক, নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, উহার নিকট দায়িত্ব হস্তান্তর করিবে।

(৪) যদি উপ-বিধি (১) এর অধীন কোনো নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদের কোনো সদস্যকে বরখাস্ত করা হয়, তাহা হইলে নিবন্ধিত সংগঠনের অনুমোদিত কার্যকরী পরিষদ, প্রয়োজনবোধে, উক্ত সদস্যের স্থলে অন্য কোনো ব্যক্তিকে দায়িত্ব প্রদান করিতে পারিবে এবং, যথাযথ সংশোধনের মাধ্যমে, এক বা একাধিক স্থগিত কর্মকাণ্ড চালু করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, উভয় ক্ষেত্রেই নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) যদি উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত প্রশাসক বা, তত্ত্বাবধায়ক পরিষদ, নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধিত সংগঠনের কার্যকরী পরিষদ গঠনে ব্যর্থ হয়, তাহা হইলে ব্যর্থতার কারণ ব্যাখ্যা প্রদান করিয়া তাহাকে নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করিতে হইবে।

(৬) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উপ-বিধি (৫) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, যথাযথ বিবেচনা করিলে, প্রশাসক বা তত্ত্বাবধায়ক পরিষদের মেয়াদ যুক্তিসংগত সময় পর্যন্ত পুনরায় বৃদ্ধি করিতে অথবা তদস্থলে নূতন প্রশাসক নিয়োগ বা তত্ত্বাবধায়ক পরিষদ গঠন করিতে পারিবে।

১৮। সংগঠনের নিবন্ধন বাতিল।—(১) যদি নিবন্ধনকারী কর্তৃপক্ষের এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, কোনো নিবন্ধিত সংগঠন, উহার গঠনতন্ত্র বিরোধী অথবা আইনের বিধানাবলি বা তদধীন প্রণীত বিধিমালার পরিপন্থী অথবা নিবন্ধিত সংগঠন বা জনস্বার্থ বিরোধী কোনো কার্য করিতেছে, কিংবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান বা রাষ্ট্রবিরোধী কোনো কর্মকাণ্ড করিতেছে অথবা সম্ভ্রাসী কার্যক্রমে লিপ্ত হইয়াছে, তাহা হইলে নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উক্ত সংগঠনকে কারণ দর্শানোসহ শুনানীর সুযোগ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অধীন প্রাপ্ত জবাব বা শুনানীর পর, নিবন্ধনকারী কর্তৃপক্ষ, কোনো সংগঠনের নিবন্ধন বাতিল করা প্রয়োজন বা সমীচীন মর্মে সন্তুষ্ট হইলে, উক্ত সংগঠনের নিবন্ধন বাতিলের জন্য আদেশ জারি করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট সংগঠন উক্ত আদেশের বিরুদ্ধে আপিল না করিলে, জারির ৩০(ত্রিশ) কর্মদিবস পর, উক্ত আদেশ কার্যকর হইবে।

১৯। আপিল ইত্যাদি।—(১) বিধি ৮ এর উপ-বিধি (৬) অনুসারে আবেদন প্রত্যাখ্যান, বিধি ৯ এর উপ-বিধি (৪) অনুসারে নিবন্ধন নবায়ন আবেদন প্রত্যাখ্যান, বিধি ৯ এর উপ-বিধি (৬) অনুসারে নিবন্ধন বাতিল অথবা বিধি ১৭ বা ১৮ এর অধীন গৃহীত সিদ্ধান্ত দ্বারা সংক্ষুব্ধ ব্যক্তি বা সংগঠন সংশ্লিষ্ট আদেশ বা সিদ্ধান্ত প্রাপ্তির অনধিক ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব বরাবর আপিল করিতে পারিবেন।

(২) সরকার, উপ-বিধি (১) এর অধীন, আপিল আবেদন প্রাপ্তির ৪৫(পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট আপিল নিষ্পত্তি করিবে এবং এইক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, যদি যুক্তিসংগত কোনো কারণে উক্ত সময়সীমার মধ্যে আপিল নিষ্পত্তি করা সম্ভব না হয়, তাহা হইলে পরবর্তী ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে আপিল নিষ্পত্তি করা যাইবে।

২০। নিবন্ধিত সংগঠনের স্বেচ্ছা বিলুপ্তি।—(১) কোনো নিবন্ধিত সংগঠনের সাধারণ সভায় উক্ত সংগঠনের মোট সদস্য সংখ্যার অনূন্য দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতিতে যদি নিবন্ধিত সংগঠন বিলুপ্তির পক্ষে প্রস্তাব অনুমোদিত হয়, তাহা হইলে সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত সংবলিত কার্যবিবরণীসহ তফসিল-১ এর ফরম-৭ অনুযায়ী নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট উক্ত সংগঠন বিলুপ্তির জন্য আবেদন করা যাইবে।

(২) নিবন্ধনকারী কর্তৃপক্ষ, উপ-বিধি (১) অধীন কোনো নিবন্ধিত সংগঠন বিলুপ্তির জন্য আবেদন প্রাপ্তির পর, সংশ্লিষ্ট সংগঠন বিলুপ্তির আদেশ প্রদানের পূর্বে,—

(ক) নিবন্ধিত সংগঠনের সম্পত্তি, দাবি, দায়-দায়িত্ব নিরূপণপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করিবে; এবং

(খ) নিবন্ধিত সংগঠনের অধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সম্পদ যথাযথভাবে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির পিতা-মাতা বা আইনানুগ অভিভাবক ফেরত পাইয়াছেন কিনা তদমর্মে প্রতিবেদন প্রস্তুত করিবে।

(৩) উপ-বিধি (২) অনুসারে প্রস্তুতকৃত প্রতিবেদন বিবেচনা করিয়া নিবন্ধনকারী কর্তৃপক্ষ যদি এইমর্মে সন্তুষ্ট হয় যে, সংশ্লিষ্ট সংগঠনের নিবন্ধন বাতিল করা প্রয়োজন বা সমীচীন, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, আদেশে উল্লিখিত তারিখ হইতে সংগঠনটির নিবন্ধন বাতিলের আদেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধিত সংগঠনের সম্পত্তি, দাবি, দায়-দায়িত্ব নিরূপণের পর নিবন্ধনকারী কর্তৃপক্ষ সরকারি গেজেটে এই মর্মে প্রজ্ঞাপন জারি করিবে যে, প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৩(তিন) মাসের মধ্যে যদি কোনো দাবিদার বা পাওনাদার অথবা উক্ত সংগঠনের কোনো সদস্যের নিকট হইতে কোনো আবেদন পাওয়া না যায়, তাহা হইলে সংগঠনটির নিবন্ধন বাতিল করা হইবে :

তবে শর্ত থাকে যে, প্রজ্ঞাপন প্রকাশের পর, নির্ধারিত সময়ের মধ্যে, কোনো দাবিদার বা পাওনাদার বা সংগঠনের কোনো সদস্যের নিকট হইতে কোনো আবেদন পাওয়া গেলে উহা নিষ্পত্তি করিতে হইবে।

২১। নিবন্ধিত সংগঠন বিলুপ্তির ফলাফল।—(১) যেক্ষেত্রে এই বিধিমালা অনুযায়ী কোনো নিবন্ধিত সংগঠনের বিলুপ্তি ঘটে, সেইক্ষেত্রে যে তারিখ হইতে বিলুপ্তির আদেশ কার্যকর হইবে, সেই তারিখ হইতে নিবন্ধনকারী কর্তৃপক্ষ,—

(ক) যে ব্যাংক বা ব্যক্তির নিকট নিবন্ধিত সংগঠনের অর্থ, ঋণপত্র বা অন্যবিধ সম্পদ রহিয়াছে, সেই ব্যাংক বা ব্যক্তিকে উহার লিখিত পূর্বানুমতি ব্যতিরেকে উক্ত অর্থ, ঋণপত্র বা সম্পদ হস্তান্তর না করিবার জন্য আদেশ প্রদান করিবে;

(খ) নিবন্ধিত সংগঠনের কার্যক্রম গুটাইবার জন্য সংগঠনের পক্ষে মামলা এবং অন্যবিধ আইনানুগ কার্যধারা দায়ের করিবার ও উহাতে আত্মপক্ষ সমর্থন করিবার ক্ষমতা দান করিয়া এমন কোনো যোগ্য ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে, যিনি এতদুদ্দেশ্যে তাহার নিকট প্রয়োজনীয় বলিয়া বিবেচিত আদেশাবলি দান ও ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন; এবং

(গ) নিবন্ধিত সংগঠনের সমস্ত ঋণ ও দায় পরিশোধের পর, কোনো অর্থ, ঋণপত্র বা সম্পদ অবশিষ্ট থাকিলে, উহা উক্ত সংগঠনের ন্যায় একই উদ্দেশ্যে প্রতিষ্ঠিত অন্য কোনো সংগঠনকে দানের জন্য আদেশ প্রদান করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, বোর্ড যুক্তিসঙ্গত বিবেচনা করিলে উক্ত অবশিষ্ট সম্পদ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির কল্যাণার্থে ব্যবহারের জন্য ট্রাস্টের অনুকূলে গ্রহণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর দফা (খ) এর অধীন নিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত আদেশ, তৎকর্তৃক কৃত আবেদনের প্রেক্ষিতে, সংশ্লিষ্ট এলাকার এখতিয়ারসম্পন্ন কোনো দেওয়ানি আদালত কর্তৃক সেই প্রকারে বলবৎ হইবে, যেই প্রকারে উক্ত আদালতের ডিক্রি বলবৎ হয়।

২২। নিবন্ধিত সংগঠন বা অভিভাবক বরাবর সহায়তা প্রদান।—(১) কোনো নিবন্ধিত সংগঠন বা অভিভাবক ট্রাস্ট হইতে সহায়তা গ্রহণের ইচ্ছা পোষণ করিলে, সংশ্লিষ্ট সংগঠন বা অভিভাবককে অর্থ-বৎসরের জুলাই মাসের মধ্যে বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(২) বোর্ড, কোনো নিবন্ধিত সংগঠন বা অভিভাবক বরাবর সহায়তা প্রদানের জন্য একটি নীতিমালা প্রণয়ন করিবে এবং উক্ত নীতিমালার ভিত্তিতে আবেদনকারী বরাবর সহায়তা প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

মাতা-পিতা কর্তৃক অভিভাবক নিয়োগ, অভিভাবকত্বের জন্য আবেদন, ইত্যাদি

২৩। মাতা-পিতা কর্তৃক অভিভাবক নিয়োগ, ইত্যাদি।—(১) কোনো মাতা-পিতা তাহাদের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সন্তানের দেখাশুনার জন্য তাহাদের জীবদ্দশায় প্রচলিত আইন অনুযায়ী অভিভাবক নিয়োগ করিতে পারিবেন।

(২) যদি কোনো মাতা-পিতা কর্তৃক উপ-বিধি (১) এর অধীন কোনো অভিভাবক নিয়োগ করা হয়, তাহা হইলে উক্ত তথ্য লিখিতভাবে বোর্ডকে অবহিত করিবেন।

(৩) বোর্ড নিজস্ব পদ্ধতিতে অভিভাবক নিয়োগ সংক্রান্ত তথ্য একটি রেজিস্টারে সংরক্ষণ করিবে।

(৪) মাতা-পিতার অবর্তমানে যদি কোনো অভিভাবক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির প্রতি দায়িত্ব পালনে অবহেলা প্রদর্শন করেন বা ব্যর্থ হন অথবা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সম্পত্তি নষ্ট বা দখল বা আত্মসাৎ করেন, তাহা হইলে বোর্ড, উক্ত তথ্য অবহিত হইবার পর, উক্ত অভিভাবকের বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবে।

(৫) যদি বোর্ড, উপ-বিধি (৪) এর অধীন, কোনো অভিভাবকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে, তাহা হইলে এই অধ্যায়ের বিধান অনুযায়ী প্রয়োজনে নূতন অভিভাবক নিয়োগের জন্য পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

২৪। অভিভাবকত্বের জন্য আবেদন।—বিধি ২৩ এ যাহা কিছুই থাকুক না কেন, যদি কোনো প্রতিবন্ধীবান্ধব ব্যক্তি বা নিবন্ধিত সংগঠন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণে আগ্রহী হন, তাহা হইলে তাহাকে জেলা কমিটির সভাপতি বরাবর, ক্ষেত্রমত, তফসিল-২ এর ফরম-ক বা ফরম-খ অনুযায়ী ৪ (চার) কপি আবেদনপত্র জেলা কমিটির সদস্য-সচিবের দফতরে দাখিল করিতে হইবে।

২৫। অভিভাবক হিসাবে নিয়োগের ক্ষেত্রে কোনো ব্যক্তি কর্তৃক আবেদনের যোগ্যতা।—কোনো ব্যক্তি অভিভাবক হিসাবে আবেদন করিবার যোগ্য হইবেন, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক হন;

(খ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির যত্ন ও সুরক্ষা নিশ্চিতকরণে উপযুক্ত হন;

- (গ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির যত্ন ও সুরক্ষা নিশ্চিতকরণে আগ্রহী ও সক্ষম হন;
- (ঘ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য নিরাপদ ও উপযোগী আবাসন, আবেগীয় এবং যথাযথ বিকাশ নিশ্চিতকল্পে যথাপ্রয়োজন সহায়তা প্রদানে আগ্রহী ও সক্ষম হন;
- (ঙ) যৌন নির্যাতনসহ এমন কোনো অপরাধের দায়ে দোষী সাব্যস্ত না হইয়া থাকেন, যাহা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির যত্ন ও সুরক্ষা প্রদানে কুপ্রভাব ফেলিতে পারে;
- (চ) নিজের জীবন ধারণের জন্য অন্যের আয়ের উপর নির্ভরশীল না হন;
- (ছ) কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী না হন;
- (জ) কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইবার পর দেউলিয়াত্বের দায় হইতে অব্যাহতি লাভ করেন;
- (ঝ) কোনো রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক মানসিক অসুস্থতাজনিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বলিয়া বিবেচিত না হন;
- (ঞ) কোনো আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত বা অন্য কোনো অপরাধের দায়ে কারাদণ্ডে দণ্ডিত না হইয়া থাকেন; এবং
- (ট) সম্রাসী কর্মকাণ্ড, মানবপাচার, হুণ্ডি ব্যবসা, মাদকব্যবসা, চোরাচালান বা অন্য কোনো অসামাজিক বা অনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত না হন।

২৬। অভিভাবক হিসাবে নিয়োগের ক্ষেত্রে কোনো নিবন্ধিত সংগঠন কর্তৃক আবেদনের যোগ্যতা—কোনো নিবন্ধিত সংগঠন অভিভাবক হিসাবে আবেদন করিবার যোগ্য হইবে, যদি উক্ত সংগঠন—

- (ক) কোনো আইনের অধীন নিবন্ধিত হয়;
- (খ) বোর্ড কর্তৃক অনুমোদিত পরিকল্পনা অনুসারে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির লালন-পালনের জন্য প্রশিক্ষিত জনবল নিয়োজিত করিতে সক্ষম হয়;
- (গ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা বা সহায়তা প্রদানে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হয়;
- (ঘ) এর বিধি ৩২ এ উল্লিখিত আবাসন ব্যবস্থা থাকে;
- (ঙ) পঞ্চম অধ্যায়ে উল্লিখিত পরিচর্যার ন্যূনতম মানদণ্ড অনুসরণ করিতে সক্ষম হয়;

(চ) যতজন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের জন্য আবেদন করিবে, ততজন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির ন্যূনতম ১ (এক) বৎসরের ভরণপোষণের ব্যয় নির্বাহের আর্থিক সংগতি থাকে;

(ছ) এর বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থের আর্থিক সচ্ছলতা থাকে।

২৭। অভিভাবকত্বের আবেদনপত্র যাচাই-বাছাই।—(১) জেলা কমিটির সদস্য-সচিব বিধি ২৪ এর অধীন প্রাপ্ত আবেদনপত্র প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিবেন এবং আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলাদি যথাযথ ও সঠিক কিনা তাহা যাচাই-বাছাইপূর্বক তদবরাবর সুপারিশ প্রদানের জন্য, আবেদনপত্র প্রাপ্তির অনধিক ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে, উহা উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটির নিকট প্রেরণ করিবেন।

(২) জেলা কমিটি, উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করিবে, যথা :—

(ক) সমাজসেবা অফিসার বা সমমানের একজন কর্মকর্তা;

(খ) নিবন্ধিত সংগঠনের একজন প্রতিনিধি;

(গ) প্রতিবন্ধিতা বিষয়ে সংবেদনশীল একজন স্থানীয় জনপ্রতিনিধি বা গণমান্য ব্যক্তি।

(৩) উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটি তদবরাবরে প্রেরিত আবেদন ও সংযুক্ত দলিলাদি যাচাই করিবে এবং তফসিল-২ এর ফরম-গ অনুযায়ী যাচাই প্রতিবেদন, অনূর্ধ্ব ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে, জেলা কমিটির সদস্য-সচিবের দফতরে দাখিল করিবে।

(৪) জেলা কমিটির সদস্য-সচিব উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত যাচাই প্রতিবেদন, আবেদনপত্রসহ, জেলা কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(৫) জেলা কমিটি তদবরাবর উপস্থাপিত আবেদনপত্র ও যাচাই প্রতিবেদন বিশ্লেষণ ও পর্যালোচনা করিবে এবং, বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী দায়িত্ব নির্ধারণপূর্বক, তফসিল-২ এর ফরম-ঘ অনুযায়ী এতদসংক্রান্ত সুপারিশসহ অনুমোদনযোগ্য ব্যক্তি ও নিবন্ধিত সংগঠনের আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করিবে।

২৮। অভিভাবকত্ব অনুমোদন, অভিভাবক প্যানেল তৈরি, ইত্যাদি।—(১) ব্যবস্থাপনা পরিচালক, বিধি ২৭ এর উপ-বিধি (৫) এর অধীন, প্রাপ্ত সুপারিশ যাচাই-বাছাই করিবেন এবং উহা বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(২) বোর্ড, উপ-ধারা (১) এর অধীন, ইহার নিকট উপস্থাপিত সুপারিশ পর্যালোচনা করিয়া অভিভাবকত্বের আবেদন অনুমোদন করিবে।

(৩) নির্দিষ্ট কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের জন্য আবেদন করা না হইলে, বোর্ড এতদুদ্দেশে অভিভাবক প্যানেল তৈরি করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, ব্যক্তি পর্যায়ের এবং সংগঠন পর্যায়ের অভিভাবকত্বের জন্য পৃথক প্যানেল তৈরি করিতে হইবে।

(৪) একজন অভিভাবক কতজন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণ করিতে পারিবে, উহা বোর্ড কর্তৃক নির্ধারিত হইবে।

২৯। অভিভাবক প্রশিক্ষণ, নিয়োগ, ইত্যাদি।—(১) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির লালন-পালন ও যত্ন-পরিচর্যা নিশ্চিত করিবার নিমিত্ত, বিধি ২৮ এর অধীন অভিভাবক হিসাবে অনুমোদনপ্রাপ্ত ব্যক্তির বা নিবন্ধিত সংগঠনের কর্মকর্তা-কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির জন্য, প্রশিক্ষণের আয়োজন করিবেন এবং প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিকে তফসিল-২ এর ফরম-৬ অনুসারে সনদপত্র প্রদান করিবেন।

(২) ব্যবস্থাপনা পরিচালক, উপ-বিধি (১) এর অধীন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তির তালিকা তফসিল-২ এর ফরম-৮ অনুসারে সংরক্ষণ করিবেন।

(৩) নির্দিষ্ট কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের ক্ষেত্রে উপ-বিধি (১) অনুসারে ব্যবস্থা গ্রহণের পর ব্যবস্থাপনা পরিচালক, উপ-বিধি (৫) অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা কমিটিকে নির্দেশনা প্রদান করিবেন।

(৪) নির্দিষ্ট কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি ব্যতীত, অন্য কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের প্রয়োজন হইলে, প্রশিক্ষণপ্রাপ্ত অভিভাবক প্যানেল হইতে সংশ্লিষ্ট এলাকার অভিভাবক নির্ধারণ করত নিয়োগদানের নিমিত্ত, ব্যবস্থাপনা পরিচালক, জেলা কমিটিকে নির্দেশনা প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৩) ও উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত নির্দেশনার প্রেক্ষিতে জেলা কমিটির সভাপতি তফসিল-২ এর ফরম-৬ অনুসারে চুক্তিনামা সম্পাদনপূর্বক সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য, সংশ্লিষ্ট ব্যক্তি বা সংগঠনের অনুকূলে অভিভাবক নিয়োগ সংক্রান্ত আদেশ জারি করিবেন।

(৬) উপ-বিধি (৫) অনুসারে ব্যবস্থা গ্রহণের পর, জেলা কমিটির সভাপতি, সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে নিয়োগপ্রাপ্ত অভিভাবকের নিকট হস্তান্তর করিবেন :

তবে শর্ত থাকে যে, সংগঠন পর্যায়ের অভিভাবকের নিকট হস্তান্তরের ক্ষেত্রে সংগঠনের সভাপতি বা সাধারণ সম্পাদকের নিকট সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে হস্তান্তর করিতে হইবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন কোন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে হস্তান্তর করা হইলে, জেলা কমিটির সদস্য-সচিব, সংশ্লিষ্ট তথ্য তফসিল-২ এর ফরম-জ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিবেন এবং ব্যবস্থাপনা পরিচালক বরাবর উহার অনুলিপি প্রেরণ করিবেন।

(৮) অভিভাবকহীন বা সুবিধাবঞ্চিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির লালন-পালনের নিমিত্ত কোনো ব্যক্তি বা নিবন্ধিত সংগঠন অভিভাবকত্ব গ্রহণে আগ্রহী না হইলে ব্যবস্থাপনা পরিচালক, ট্রাস্ট কর্তৃক স্থাপিত আশ্রয়কেন্দ্রের মাধ্যমে তাকে লালন-পালন ও পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৩০। নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে হস্তান্তর পরবর্তী পরিবীক্ষণ।—(১) কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে কোনো অভিভাবকের নিকট হস্তান্তর করা হইলে, জেলা কমিটির কোনো সদস্য বা জেলা কমিটি কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার কোনো কর্মকর্তা, প্রতিমাসে ন্যূনতম একবার উক্ত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে পরিদর্শন করিবেন।

(২) পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত জেলা কমিটির সংশ্লিষ্ট সদস্য বা কর্মকর্তা, পরিদর্শনকালে পঞ্চম অধ্যায়ে বর্ণিত পরিচর্যার ন্যূনতম মানদণ্ড অনুসরণ করা হইতেছে কিনা, উহা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করিবেন।

(৩) পরিদর্শনের জন্য দায়িত্বপ্রাপ্ত জেলা কমিটির সংশ্লিষ্ট সদস্য বা কর্মকর্তা, সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে পরিদর্শনপূর্বক, পরবর্তী মাসের প্রথম ৭ (সাত) কর্মদিবসের মধ্যে, জেলা কমিটির সদস্য-সচিবের দফতরে পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) জেলা কমিটির সদস্য-সচিব উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন জেলা কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করিবেন এবং জেলা কমিটি উক্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

(৫) জেলা কমিটির সদস্য-সচিব, জেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনাসহ প্রতিবেদনের সার-সংক্ষেপ, জেলা কমিটির সভা অনুষ্ঠিত হইবার পর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে, ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ নিশ্চিত করিবেন।

(৬) ব্যবস্থাপনা পরিচালক, উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করিবেন এবং উহার সার-সংক্ষেপ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(৭) বোর্ড, উপ-বিধি (৬) এর অধীন, উপস্থাপিত প্রতিবেদনের সার-সংক্ষেপ পর্যালোচনা করিবে এবং, প্রয়োজনে, জেলা কমিটিকে নির্দেশনা প্রদান করিবে।

৩১। অভিযোগ, অনুসন্ধান, ইত্যাদি।—(১) ধারা ২৫ এর উপ-ধারা (১) এর অধীন যে কোন অভিযোগ জেলা কমিটির সদস্য-সচিবের দফতরে দাখিল করিতে হইবে।

(২) জেলা কমিটির সদস্য-সচিব, উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত অভিযোগ অনধিক ৩ (তিন) কর্মদিবসের মধ্যে, বিধি ২৭ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটির নিকট, সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য প্রেরণ করিবেন।

(৩) বিধি ২৭ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটি, উপ-বিধি (২) এর অধীন, অভিযোগপত্র প্রাপ্তির অনধিক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সরেজমিন পরিদর্শনপূর্বক স্পষ্ট মতামতসহ তদন্ত প্রতিবেদন জেলা কমিটির সদস্য-সচিবের দফতরে দাখিল করিবে।

(৪) জেলা কমিটির সদস্য-সচিব উপ-বিধি (৩) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন জেলা কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(৫) জেলা কমিটি, উপ-বিধি (৪) এর অধীন, উপস্থাপিত প্রতিবেদন পর্যালোচনাক্রমে ধারা ২৫ অনুসারে পদক্ষেপ গ্রহণ করত, ক্ষেত্রমত, নিয়োগপ্রাপ্ত অভিভাবককে অব্যাহতি প্রদান করিবে এবং তদস্থলে নূতন অভিভাবক নিয়োগ করিবে।

পঞ্চম অধ্যায়

পরিচর্যার ন্যূনতম মানদণ্ড

৩২। আবাসন।—অভিভাবক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য নিরাপদ আবাসন নিশ্চিতকল্পে, ক্ষেত্রমত, নিম্নবর্ণিত বিষয়াদি নিশ্চিত করিবেন, যথা :—

- (ক) বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুযায়ী আবাসন তৈরি;
- (খ) দুর্যোগের সময়ে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিগণ যাহাতে নিরাপদে ভবন হইতে বাহির হইতে পারে তজ্জন্য ভবনে পর্যাপ্ত নির্গমন ব্যবস্থা;
- (গ) বোর্ডের নির্দেশনা অনুযায়ী, প্রতিবন্ধিতার ধরন অনুসারে সুপারিসর কক্ষের ব্যবস্থা;
- (ঘ) প্রতিটি কক্ষে পর্যাপ্ত আলো-বাতাস গমনাগমনের ব্যবস্থা;
- (ঙ) বোর্ডের নির্দেশনা অনুযায়ী, প্রতিবন্ধিতার ধরন, বয়স ও লিঙ্গের বিষয় বিবেচনায় লইয়া, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির আবাসনের ব্যবস্থা;
- (চ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির শারীরিক-মানসিক অবস্থা ও পরিপক্বতা বিবেচনায় লইয়া আসন বিন্যাস;
- (ছ) প্রত্যেক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য পৃথক বিছানার ব্যবস্থা;
- (জ) প্রত্যেক বিছানায় তোষক, চাদর, বালিশ, লেপ বা কম্বল, ইত্যাদির সরবরাহ নিশ্চিতসহ উক্ত দ্রব্যাদির পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থা;
- (ঝ) প্রত্যেক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির প্রয়োজনীয় জিনিসপত্র রাখিবার জন্য পৃথক লকারসহ পড়াশোনার জন্য পৃথক টেবিল ও চেয়ার সরবরাহ;
- (ঞ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য নিরাপদ ও সহজে ব্যবহারযোগ্য করিয়া বৈদ্যুতিক সুইচ, সেল্ফ ও লকার স্থাপন;
- (ট) বোর্ডের নির্দেশনা অনুযায়ী, প্রতিবন্ধিতার ধরন অনুসারে কেয়ারগিভার নিয়োগ :
তবে শর্ত থাকে যে, প্রতি ২ (দুই) জন অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির জন্য একজন কেয়ারগিভার নিয়োগ করিতে হইবে; এবং
- (ঠ) বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী বিনোদনের ব্যবস্থা।

৩৩। খাদ্য ও পুষ্টি।—(১) অভিভাবক,—

- (ক) বোর্ড কর্তৃক নির্ধারিত পুষ্টিমান, ক্যালরি ও পরিমাণ নিশ্চিতপূর্বক, বয়স অনুপাতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির জন্য নির্দিষ্ট পরিমাণ খাদ্য সরবরাহ করিবেন; এবং
- (খ) চিকিৎসকের পরামর্শ অনুযায়ী, অসুস্থ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে যথোপযুক্ত খাদ্য ও পথ্য সরবরাহ করিবেন।

(২) বোর্ড, উপ-বিধি (১) এর উদ্দেশ্যপূরণকল্পে, খাদ্য ও পুষ্টিমান যাচাই ও নির্ধারণের নিমিত্ত কমিটি গঠন করিবে।

৩৪। স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা।—(১) অভিভাবক সংগঠন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অভ্যন্তরে সার্বক্ষণিক ফিজিওথেরাপিস্ট, প্যারামেডিক ও নার্স নিয়োগসহ নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিবে।

(২) অভিভাবক, অভিভাবকত্ব গ্রহণের অব্যবহিত পর, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করিবেন এবং তাহার জন্য একটি হেলথকার্ড সংরক্ষণ করত উহাতে উক্ত প্রতিবন্ধী ব্যক্তির স্বাস্থ্যের অবস্থা নিয়মিত লিপিবদ্ধ করিবেন।

(৩) অভিভাবক, ফিজিওথেরাপিসহ চিকিৎসা সেবার প্রয়োজন হইলে, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির যথাযথ চিকিৎসা নিশ্চিত করিবেন।

(৪) অভিভাবক, প্রতিমাসে অন্তত একবার নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা করিবেন এবং সংশ্লিষ্ট প্রতিবন্ধী ব্যক্তির হেলথকার্ডে উহা লিপিবদ্ধ করিবার ব্যবস্থা করিবেন।

৩৫। শিক্ষা ও প্রশিক্ষণ।—(১) অভিভাবক, বোর্ডের নির্দেশনা অনুযায়ী, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর তফসিলের ৯ ক্রমিকের শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

(২) অভিভাবক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) অভিভাবক সংগঠন, সংগঠনে কর্মরত সকল পর্যায়ের শিক্ষক, প্রশিক্ষক ও কর্মীর জন্য উপযোগী ও মানসম্মত প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন।

(৪) অভিভাবক সংগঠন, সংশ্লিষ্ট শিক্ষক বা ট্রেড ইনস্ট্রাক্টর কর্তৃক প্রস্তুতকৃত মাসিক অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট জেলা কমিটির নিকট নিয়মিতভাবে প্রেরণ করিবেন।

(৫) অভিভাবক তাহার অধীন থাকা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বিদ্যালয় প্রদত্ত অগ্রগতির প্রতিবেদন জেলা কমিটির নিকট নিয়মিতভাবে প্রেরণ করিবেন।

৩৬। পরিচর্যার ন্যূনতম মানদণ্ড এবং অভিভাবকের দায়-দায়িত্ব নির্ধারণ।—বোর্ড, এই অধ্যায়ের অধীন পরিচর্যার ন্যূনতম মানদণ্ড এবং অভিভাবকের দায়-দায়িত্ব সুনির্দিষ্ট করিয়া, নীতিমালা প্রণয়ন করিবে।

৩৭। অভিভাবক এবং সংগঠনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর জন্য আচরণবিধি।—অভিভাবক কর্তৃক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির তত্ত্বাবধানের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারী, যে পর্যায়েরই হউক না কেন, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনকালে, নিম্নবর্ণিত আচরণবিধি আবশ্যিকভাবে অনুসরণ করিবেন, যথা:—

- (ক) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির প্রতি কোনো প্রকার বৈষম্য না করিয়া তাহাকে সহানুভূতি, যথাযথ সম্মান, সমতার মনোভাব ও উষ্ণতা জ্ঞাপনপূর্বক গ্রহণ করা;
- (খ) মনযোগ সহকারে শ্রবণ, নিবিড় পর্যবেক্ষণ এবং যথাপ্রয়োজন সাড়াদানের দক্ষতা প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সহিত আস্থাশীল সম্পর্ক প্রতিষ্ঠা করা;
- (গ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে আঘাত, প্রহার বা কোনো প্রকার শারীরিক নির্যাতন না করা;
- (ঘ) এমন কোনো কাজ না করা, যাহা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির নির্যাতনের কারণ হইতে পারে অথবা নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে মানসিক যাতনা বা নিপীড়নের ঝুঁকির সম্মুখীন করিতে পারে;
- (ঙ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে কোনো প্রকার মানসিক নির্যাতন না করা;
- (চ) অশালীন বা নির্যাতনমূলক কোনো ভাষা ব্যবহার না করা;
- (ছ) এমন কোন কাজ না করা, যাহাতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি লজ্জিত, অপমানিত বা হেয়বোধ করে;
- (জ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে কোন প্রকার যৌন নির্যাতন বা হয়রানি না করা;
- (ঝ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে এমন কোন নাজুক পরিস্থিতিতে না রাখা, যাহার ফলে উক্ত প্রতিবন্ধী ব্যক্তি কোন দুর্ঘটনা বা অসুবিধাজনক অবস্থায় পতিত হয় বা হইতে পারে।

৩৮। ব্যাংক হিসাব পরিচালনা।—(১) ধারা ২৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর অধীন গঠিত স্থায়ী তহবিলের ব্যাংক হিসাব বোর্ডের চেয়ারপারসন, ভাইস-চেয়ারপারসন এবং ব্যবস্থাপনা পরিচালকের যৌথ নামে খুলিতে হইবে, তবে ব্যাংক হইতে অর্থ উত্তোলনের ক্ষেত্রে, ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরসহ চেয়ারপারসন বা ভাইস-চেয়ারপারসনের মধ্যে যে কোন একজনের স্বাক্ষরের প্রয়োজন হইবে এবং এতদুদ্দেশে তাহাদের সকলের স্বাক্ষরে একটি ক্যাশবহি সংরক্ষণ করিতে হইবে।

(২) ধারা ২৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) এর অধীন গঠিত চলতি তহবিল বোর্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং বোর্ড কর্তৃক মনোনীত কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে এবং এতদুদ্দেশে উভয়ের স্বাক্ষরে একটি ক্যাশবহি সংরক্ষণ করিতে হইবে;

(৩) বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত, ট্রাস্টের কোন স্থায়ী আমানত নগদায়ন করা যাইবে না।

৩৯। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।—এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, প্রয়োজনবোধে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

প্রস্তাবিত সংগঠনের
সভাপতির
এক কপি ছবি
(১ম শ্রেণির কর্তকর্তা
কর্তৃক সত্যায়িত)

তফসিল-১
ফরম-ক
[বিধি ৭ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

প্রস্তাবিত সংগঠনের
সাধারণ সম্পাদকের
এক কপি ছবি
(১ম শ্রেণির কর্তকর্তা
কর্তৃক সত্যায়িত)

নামের ছাড়পত্রের জন্য আবেদনপত্র

বরাবর

নিবন্ধনকারী কর্তৃপক্ষ
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট।

বিষয় : নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা বিষয়ক সংগঠন নিবন্ধনের জন্য নামের ছাড়পত্রের আবেদন।

মহোদয়,

আমরা কতিপয় নাগরিক ঐক্যমতের ভিত্তিতে ----- জেলায় একটি অলাভজনক ও অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা বিষয়ক কার্যক্রম পরিচালনা করিতে আগ্রহী। তৎপ্রেক্ষিতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর অধীন নিবন্ধনের নিমিত্ত নামের ছাড়পত্রের জন্য আবেদন করিতেছি। উল্লেখ্য যে, প্রস্তাবিত সংগঠনটি অন্য কোনো আইনের অধীন নিবন্ধিত নহে।

২। অগ্রাধিকার ভিত্তিতে আমরা প্রস্তাবিত সংগঠনের নিম্নরূপ তিনটি নাম প্রস্তাব করিতেছি :—

- (১)
- (২)
- (৩)

৩। উল্লিখিত তিনটি নামের মধ্যে যে কোনো একটি নামে সংগঠন প্রতিষ্ঠার ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করিতেছে।

৪। সংযুক্তি :

- (ক) সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদকের এক কপি করে পাসপোর্ট সাইজের ছবি;
- (খ) সংগঠন প্রতিষ্ঠা এবং সংগঠনের নাম চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী;
- (গ) সংগঠনের কর্মএলাকা, লক্ষ্য ও উদ্দেশ্য;
- (ঘ) সংগঠনের প্রস্তাবিত কর্মপরিকল্পনা;
- (ঙ) সংগঠনের প্রস্তাবিত কর্মসূচি;
- (চ) সাধারণ সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, পেশা, আয় এবং স্বাক্ষর সম্বলিত তালিকা;
- (ছ) সংগঠনের আয়ের উৎসের বিবরণী;
- (জ) (অন্য কোনো প্রাসঙ্গিক কাগজপত্র, যদি থাকে)।

(স্বাক্ষর)
সাধারণ সম্পাদক

(স্বাক্ষর)
সভাপতি

নাম :

নাম :

ঠিকানা :

ঠিকানা :

.....

.....

.....

.....

ফোন/ মোবাইল নম্বর :

ফোন/ মোবাইল নম্বর :

ফরম-খ

[বিধি ৭ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

স্মারক নম্বর-

তারিখ: _____

বঙ্গাব্দ
খ্রিস্টাব্দ

প্রেরক:

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

প্রাপক:

সভাপতি/সাধারণ সম্পাদক

.....।

বিষয়: নামের ছাড়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর বিধি ৭ এর উপ-বিধি (৪) এর অধীন নিম্নবর্ণিত সংগঠনকে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালনের শর্তে নিবন্ধনের নিমিত্ত নামের ছাড়পত্র প্রদান করা হইল :

সংগঠনের নাম ও ঠিকানা	সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম	কর্মএলাকা	মন্তব্য

শর্তাবলী :

- ১) ছাড়পত্র সংগঠনের নিবন্ধন নয়, নামের ছাড়পত্রের স্মারক নম্বর নিবন্ধন নম্বর হিসাবে ব্যবহার করা যাইবে না;
- ২) নামের ছাড়পত্র অস্থায়ী হিসাবে বিবেচিত হইবে, কোনো আপত্তি উত্থাপিত হইলে কারণ দর্শানো ব্যতিরেকে নামের ছাড়পত্র বাতিল করা যাইবে;
- ৩) অনুমোদিত নামে পত্র জারি হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চেকলিস্ট মোতাবেক কাগজপত্র নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে দাখিল করিতে হইবে;
- ৪) নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত আবেদনের সহিত উল্লিখিত কার্যক্রমের বাহিরে কোনো কার্যক্রম পরিচালনা করা যাইবে না;
- ৫) মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির অনুমতি ব্যতীত সঞ্চয় বা ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করা যাইবে না;
- ৬) প্রত্যেক সাধারণ সদস্যের জন্য পৃথক ভর্তি ফরম (পাসপোর্ট আকারের ছবিসহ) সংগঠনের কার্যালয়ের নথিতে সংরক্ষণ করিতে হইবে।

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

(কর্মকর্তার নাম)

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

ফোন নম্বর :

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারপারসন, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, জেলা।
- ৫। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জেলা।

ফরম-গ

[বিধি ৭ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

.....

স্মারক নম্বর-

তারিখ: _____ বঙ্গাব্দ
খ্রিস্টাব্দ

প্রেরক:

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

প্রাপক:

সভাপতি/সাধারণ সম্পাদক

.....।

বিষয়: নামের ছাড়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর বিধি ৭ এর উপ-বিধি (৪) এর অধীন নিম্নবর্ণিত সংগঠনকে নিম্নবর্ণিত কারণে নিবন্ধনের নিমিত্ত নামের ছাড়পত্র প্রদান করা হইল না :—

কারণ :

(ক)

(খ)

(গ)

সংগঠনের নাম ও ঠিকানা	সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম	কর্মএলাকা	মন্তব্য

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

(কর্মকর্তার নাম)

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

ফোন নম্বর :

অনুলিপি—সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারপারসন, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

সংগঠনের
সভাপতির
এক কপি ছবি
(১ম শ্রেণির কর্তৃকর্তা
কর্তৃক সত্যায়িত)

ফরম-ঘ
[বিধি ৮ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

নিবন্ধনের জন্য আবেদনপত্র

সংগঠনের
সাধারণ সম্পাদকের
এক কপি ছবি
(১ম শ্রেণির কর্তৃকর্তা
কর্তৃক সত্যায়িত)

বরাবর

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট।

বিষয় : নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা বিষয়ক সংগঠন নিবন্ধনের জন্য আবেদন।

মহোদয়,

আমরা কতিপয় নাগরিক ঐক্যমতের ভিত্তিতে একটি অলাভজনক ও অরাজনৈতিক স্বৈচ্ছাসেবী সংগঠনের মাধ্যমে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা বিষয়ক কার্যক্রম পরিচালনা করিতে চাই। তৎপ্রেক্ষিতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর অধীন নিবন্ধনের জন্য আবেদন করিতেছি। উল্লেখ্য যে, সংগঠনটি অন্য কোনো আইনের অধীন নিবন্ধিত নহে/.....
.....আইনের অধীন নিবন্ধিত।

২। সংগঠনের বিবরণ নিম্নে প্রদত্ত হইল (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে) :

(১)	সংগঠনের নাম	:	
(২)	ঠিকানা	:	
(৩)	লক্ষ্য-উদ্দেশ্য	:	
(৪)	কর্মএলাকা	:	(যে জেলায় কর্মসূচি পরিচালনা করা হইবে, উহার নাম লিখিতে হইবে)
(৫)	কর্মসূচির বিবরণ	:	(কর্মসূচি, বাস্তবায়ন পদ্ধতি ও কৌশল, বাস্তবায়নকাল, সহায়ক জনবল ও সরঞ্জামাদি এবং প্রয়োজনীয় অর্থ ও অর্থপ্রাপ্তির উৎস সম্বলিত বিবরণ উল্লেখ করিতে হইবে)
(৬)	প্রতিষ্ঠাতা সদস্যগণের বিবরণ	:	
	প্রতিষ্ঠাতা সদস্যগণের নাম, মাতা-পিতা ও স্বামীর (প্রযোজ্য ক্ষেত্রে) নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, পেশা, আয় এবং স্বাক্ষর সম্বলিত তালিকা		
(৭)	সংগঠনের তহবিল জমা রাখিবার জন্য ব্যাংকের নাম ও ঠিকানা	:	

৩। আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ ও তদধীন প্রণীত বিধিমালা অনুসারে সংগঠনের যাবতীয় কর্মকাণ্ড পরিচালনা করিব।

৪। আমরা প্রত্যয়ন করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাদি এবং এইসঙ্গে সংযুক্ত দলিলাদি সঠিক ও নির্ভুল।

৫। সংযুক্তি:

- (ক) প্রস্তাবিত সংগঠনের নামের ছাড়পত্রের সত্যায়িত অনুলিপি অথবা অন্য কোনো আইনের অধীন ইতঃপূর্বে নিবন্ধিত সংগঠনের ক্ষেত্রে নিবন্ধন সনদপত্র;
- (খ) 'অলাভজনক প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন ফি' খাতে সরকার নির্ধারিত কোডে নিবন্ধন ফি হিসেবে জমাকৃত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ট্রেজারি চালানের মূলকপি;
- (গ) প্রস্তাবিত সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষের এক কপি করিয়া পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- (ঘ) সাধারণ পরিষদের সভায় অনুমোদিত এবং সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত এবং তফসিল-১ এর ফরম-৬ অনুসারে প্রণীত গঠনতন্ত্র;
- (ঙ) কার্যকরী পরিষদ ও গঠনতন্ত্র অনুমোদন সংক্রান্ত সাধারণ সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি;
- (চ) সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যায়িত প্রস্তাবিত গঠনতন্ত্র অনুসরণক্রমে গঠিত কার্যকরী পরিষদের সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, পেশা, আয় এবং স্বাক্ষর সম্বলিত তালিকা;
- (ছ) সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যায়িত সাধারণ সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা, পেশা, আয় এবং স্বাক্ষর সম্বলিত তালিকা;
- (জ) লক্ষ্য ও উদ্দেশ্য;
- (ঝ) প্রস্তাবিত কর্মপরিকল্পনা;
- (ঞ) প্রস্তাবিত কর্মসূচি;
- (ট) সংগঠনের কার্যালয়ের জমির/ভবনের মূল দলিলের সত্যায়িত অনুলিপি অথবা সরকার নির্ধারিত মূল্যের নন জুডিশিয়াল স্টাম্প'এ কার্যালয় ভাড়া গ্রহণের চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি;
- (ঠ) স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণী;
- (ড) আয়ের উৎস সম্পর্কিত বিবরণী;
- (ঢ) আয় ও ব্যয়ের বিবরণ সম্বলিত বাজেট;
- (ণ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন বা পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত সুপারিশপত্র;
- (ত) কার্যকরী পরিষদের সদস্যগণ একই পরিবারের সদস্য ও সংগঠনের বেতনভুক্ত কর্মচারী নন মর্মে সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রত্যয়নপত্র; এবং
- (থ) (অন্য কোনো প্রাসঙ্গিক কাগজপত্র, যদি থাকে)।

(স্বাক্ষর)

সাধারণ সম্পাদক

নাম :

ঠিকানা :

.....

ফোন/মোবাইল ফোন নম্বর :

(স্বাক্ষর)

সভাপতি

নাম :

ঠিকানা :

.....

ফোন/মোবাইল ফোন নম্বর :

ফরম-৬

[বিধি ৮ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

সংগঠনের নমুনা গঠনতন্ত্র

- (১) ভূমিকা :
- (২) সংগঠনের নাম :
- (৩) সংগঠনের কার্যক্রমের আওতাভুক্ত এলাকা.....উপজেলা/জেলাব্যাপী।
- (৪) সংগঠনের বর্তমান ঠিকানা (স্থায়ী ঠিকানা থাকিলে পৃথকভাবে উল্লেখ করিতে হইবে) :
বাড়ি নম্বর:.....সড়ক নম্বর:.....গ্রাম/মহল্লার নাম:..... ডাকঘর:..... ওয়ার্ড
নম্বর:.....উপজেলা/থানা:.....পোস্ট কোড:.....
জেলা:.....
- (৫) সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য (বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে) :
- (৬) সদস্যপদ :
 - (ক) সদস্যপদের জন্য যোগ্যতা;
 - (খ) সদস্যপদের শ্রেণিবিভাগ এবং উহার শর্তাদি ও প্রদেয় চাঁদা;
 - (গ) সদস্য গ্রহণ পদ্ধতি;
 - (ঘ) বিভিন্ন শ্রেণির সদস্যদের অধিকার ও সুবিধাদি;
 - (ঙ) যুক্তিসঙ্গত কারণে সদস্যপদ বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণ, যেমন—চাঁদা না দেওয়া, সভায় উপস্থিত না হওয়া এবং সংস্থার স্বার্থের পরিপন্থী আচরণ করা;
 - (চ) সাময়িকভাবে স্থগিত বা বাতিলকৃত সদস্যপদের পুনর্বহাল বা পুনর্গঠন পদ্ধতি;
- (৭) শাখা (যদি থাকে): শাখার কাঠামো, শাখার অধিকার, সুবিধাদি, দায়িত্ব, অনুমোদন, অনুমোদন স্থগিত বা প্রত্যাহার পদ্ধতি;
- (৮) সাংগঠনিক কাঠামো : সংগঠনের ব্যবস্থাপনা কমিটি, যথা : সাধারণ পরিষদ, কার্যকরী পরিষদ (২ বৎসরের জন্য নির্বাচিত), পদবী উল্লেখসহ দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে;
- (৯) সভা : বিভিন্ন ধরনের সভা আহ্বান পদ্ধতি, সভার নোটিশের মেয়াদ, বিভিন্ন সভার জন্য কোরাম; সাধারণ পরিষদের সভা কমপক্ষে পনের দিনের নোটিশে, কার্যকরী পরিষদের সভা সাত দিনের নোটিশে, সাধারণ পরিষদের জরুরি সভা সাত দিনের নোটিশে, কার্যকরী পরিষদের জরুরি সভা তিন দিনের নোটিশে এবং মূলতবি সভা সর্বোচ্চ তিন দিনের মধ্যে অনুষ্ঠিত হইবে। সভার কোরাম ২/৩ সদস্যের উপস্থিতিতে পূর্ণ হইবে;

- (১০) কার্যকরী পরিষদের নির্বাচন পদ্ধতি :
- (১১) আর্থিক ব্যবস্থাপনা :
- (ক) সরকার অনুমোদিত যে কোনো ব্যাংকে সংগঠনের নামে চলতি/সঞ্চয়ী হিসাব খুলিতে হইবে; হিসাবটি সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদকের যেকোনো দুইজনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে;
- (খ) কার্যকরী পরিষদের অনুমোদন ব্যতীত অর্থ ব্যয় করা যাইবে না, তবে বিশেষ প্রয়োজনে কার্যকরী পরিষদের অনুমোদন ব্যতীত অর্থ ব্যয় করা হইলে অর্থ ব্যয়ের অনূন এক মাসের মধ্যে কার্যকরী পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে। সব ধরনের খরচের জন্য সাধারণ সভায় পরবর্তীতে ব্যয়ের অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (গ) সংগঠনের হিসাব নিরীক্ষা পদ্ধতি বিধিমালা অনুসারে সম্পাদন করিতে হইবে;
- (১২) সংগঠনের জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত নীতিমালা থাকিতে হইবে এবং নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের বিধান সন্নিবেশ করিতে হইবে;
- (১৩) নিবন্ধিত সংগঠন এই আইন ও বিধিমালার বিধান অনুসারে স্বেচ্ছা বিলুপ্তির বিধান সন্নিবেশ করিতে হইবে;
- (১৪) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ ও তদধীন প্রণীত বিধিমালার বিধান অনুসারে সংগঠনের গঠনতন্ত্র সংশোধনের বিধান সন্নিবেশ করিতে হইবে;
- (১৫) নিবন্ধনকারী কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে গঠনতন্ত্রে অন্য কোনো বিধান সন্নিবেশের বাধ্যবাধকতা আরোপ করিলে, উহা সন্নিবেশ করিতে হইবে।

ফরম-৮

[বিধি ৮ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]

নিবন্ধনপূর্ব তদন্ত প্রতিবেদনের নমুনা

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর বিধি ৮ এর উপ-বিধি (৫) এর অধীন তদন্ত প্রতিবেদন (তদন্তকারী কর্মকর্তা আবেদনপত্রে উল্লিখিত তথ্য এবং সংযোজিত দলিলাদি সঠিক ও নিতুল কিনা, উহা যাচাইক্রমে তদন্ত প্রতিবেদনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিবেন) :

০১. আবেদনকারী সংগঠনের নাম ও ঠিকানা :
০২. পরিদর্শনের তারিখ :
০৩. প্রতিষ্ঠার তারিখ :
০৪. নামকরণ সংক্রান্ত সভার তারিখ :
০৫. গঠনতন্ত্র অনুমোদনের সভার তারিখ :
০৬. সাধারণ সদস্য সংখ্যা :
০৭. কার্যকরী পরিষদ গঠনের তারিখ :
০৮. কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা :
০৯. সাধারণ পরিষদের অনুষ্ঠিত সভার সংখ্যা এবং সর্বশেষ সভার তারিখ :
১০. কার্যকরী পরিষদের অনুষ্ঠিত সভার সংখ্যা এবং সর্বশেষ সভার তারিখ :
১১. সংগঠনটি অরাজনৈতিক ও অলাভজনক কি?
১২. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি বা তাহাদের অভিভাবকগণের অংশগ্রহণের সুযোগ আছে কি?
১৩. এই আইনের লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলীর সহিত সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যাবলী সামঞ্জস্যপূর্ণ কি?
১৪. সংগঠনের গঠনতন্ত্র উপরি-উক্ত বিধিমালা অনুসারে প্রণয়ন করা হইয়াছে কি?
১৫. অন্য কোনো আইনের অধীন সংগঠনটি নিবন্ধিত কি, নিবন্ধিত হইলে কোন আইনের অধীন নিবন্ধিত?
১৬. সংগঠনের কর্মএলাকা :
১৭. সংগঠনের স্থাবর/অস্থাবর সম্পত্তির বিবরণী (পৃথক কাগজে সংযুক্ত করিতে হইবে) :
১৮. সংগঠনটির কার্যালয় নিজস্ব জমিতে নাকি ভাড়া বাড়িতে ?
১৯. সংগঠনের নামের সাইনবোর্ড আছে কি?
২০. সংগঠনের কর্মসূচি পরিচালনার জন্য কোনো আয়বর্ধক প্রকল্প আছে কি, থাকিলে আয়বর্ধক প্রকল্প রহিয়াছে কি?
২১. সংগঠনের তহবিলের বিবরণ :
২২. সংগঠনের কোনো সদস্য সংস্থায় কর্মরত কিনা, থাকিলে বেতনভুক্ত বা স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কি?
২৩. প্রতিষ্ঠাতা সদস্যগণের নাম, পিতা/স্বামীর নাম, পেশা, ঠিকানা :
২৪. সংগঠনে নিয়োগপ্রাপ্ত বা নিয়োগের জন্য প্রস্তাবিত কর্মকর্তা কর্মচারীদের বিবরণ :

ক্রম	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	শিক্ষাগত যোগ্যতা	জন্ম তারিখ	বেতন
১	২	৩	৪	৫	৬

২৫. সংগঠনটিকে নিবন্ধন প্রদানের বিষয়ে তদন্তকারী কর্মকর্তার সুস্পষ্ট মতামত :

তদন্তকারী কর্মকর্তার স্বাক্ষর এবং নাম ও পদবীসহ সীলমোহর

ফরম-ছ

[বিধি ৮ এর উপ-বিধি (৬) দ্রষ্টব্য]

নিবন্ধন সনদপত্র

নিবন্ধন নম্বর :..... : নিবন্ধন নম্বর :..... তারিখ.....বঙ্গাব্দ/.....খ্রিস্টাব্দ
 তারিখ :.....বঙ্গাব্দ/.....খ্রিস্টাব্দ : এতদ্বারা আমি প্রত্যয়ন করিতেছি যে, নিউরো-ডেভেলপমেন্টাল
 সংগঠনের নাম :..... : প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর ধারা ২১ এর উপ-
 ঠিকানা :..... : ধারা (৩) এর অধীন.....(সংগঠনের নাম)
 :..... : বঙ্গাব্দ..... সনের.....মাসের.....
 সভাপতির নাম :..... : তারিখ মোতাবেক খ্রিস্টাব্দ..... সনের.....
 সাধারণ সম্পাদকের নাম :..... : মাসের.....তারিখে আমার নিজ স্বাক্ষরে এবং সরকারি
 : সীলমোহরে নিবন্ধিত করা হইল।
 :
 :
 নিবন্ধন সনদ গ্রহণকারীর স্বাক্ষর :
 :
 নিবন্ধনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর : নিবন্ধনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

স্বাক্ষর

ফরম-জ

[বিধি ৮ এর উপ-বিধি (৬) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

.....

স্মারক নম্বর-

তারিখ :

বঙ্গাব্দ

খ্রিস্টাব্দ

প্রেরক :

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট।

প্রাপক :

সভাপতি/সাধারণ সম্পাদক

.....।

বিষয় : সংগঠন নিবন্ধন।

উপর্যুক্ত বিষয়ে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর বিধি ৮ এর উপ-বিধি (৬) এর অধীন নিম্নবর্ণিত সংগঠনকে নিম্নবর্ণিত কারণে নিবন্ধন সনদ প্রদান করা হইল না :

কারণ :

(ক)

(খ)

(গ)

সংগঠনের নাম ও ঠিকানা	সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম	কর্মএলাকা	মন্তব্য

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)

(কর্মকর্তার নাম)

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

ফোন নম্বর :

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে :

- ১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারপারসন, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

ফরম ঝ
[বিধি ৮ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

নিবন্ধনপ্রাপ্ত সংগঠন সম্পর্কিত রেজিস্টার

লিপিবদ্ধ করার তারিখ	সংগঠনের নাম ও ঠিকানা	নিবন্ধন নম্বর	নিবন্ধনের তারিখ
১	২	৩	৪

সংগঠন প্রতিষ্ঠার তারিখ	সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য (সংক্ষিপ্ত)	সংস্থার কর্মএলাকা	যে ব্যাংকে তহবিল জমা রাখা হইয়াছে উহার নাম ও হিসাব নম্বর
৫	৬	৭	৮

প্রতিষ্ঠাতা সদস্যগণের বিবরণ

নাম	মাতা-পিতা ও স্বামীর নাম (প্রয়োজ্য ক্ষেত্রে)	পেশা	ঠিকানা	মোবাইল ফোন নম্বর
৯	১০	১১	১২	১৩

কার্যকরী পরিষদের সদস্যগণের বিবরণ					মন্তব্য
নাম	মাতা-পিতা ও স্বামীর নাম (প্রয়োজ্য ক্ষেত্রে)	পদবী	ঠিকানা	মোবাইল ফোন নম্বর	
১৪	১৫	১৬	১৭	১৮	১৯

ফরম-ট

[বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর উপ-দফা (অ) দ্রষ্টব্য]

সদস্য রেজিস্টার

ক্রম	সদস্যের নাম	মাতার নাম	পিতার নাম	স্বামী/স্ত্রীর নাম
১	২	৩	৪	৫

জন্ম তারিখ	জাতীয় পরিচয়পত্র নম্বর	মোবাইল ফোন নম্বর	শিক্ষাগত অবস্থা	পেশা	আয়
৬	৭	৮	৯	১০	১১

স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	ই-মেইল ঠিকানা (যদি থাকে)	স্বাক্ষর	মন্তব্য
১২	১৩	১৪	১৫	১৬

ফরম-ড

[বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর উপ-দফা (ই) দ্রষ্টব্য]

দান/অনুদান গ্রহণ রেজিস্টার

ক্রম	দান/অনুদান প্রদানকারী সংগঠন/ব্যক্তির নাম	দান/অনুদান প্রদানকারী সংগঠন/ব্যক্তির ঠিকানা	ইতঃপূর্বে গ্রহীত মোট টাকার পরিমাণ	গ্রহীত দান/অনুদানের পরিমাণ	মোট টাকার পরিমাণ	অনুদান গ্রহণকারীর স্বাক্ষর	মন্তব্য ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬	৭	৮

ফরম-৭

[বিধি ২০ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

স্বচ্ছায় বিলুপ্তির আবেদন ফরম

তারিখ:

বরাবর

নিবন্ধনকারী কর্তৃপক্ষ

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট।

জনাব,

..... তারিখে (স্থানের নাম) ঘটিকায় অনুষ্ঠিত
(সংগঠনের নাম) সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, নিউরো-ডেভেলপমেন্টাল
 প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫ এর বিধি ২০ এর উপ-বিধি (১) অনুসারে নিম্নবর্ণিত কারণে বর্ণিত
 সংগঠনের বিলোপসাধনের জন্য আবেদন করিতেছি:

কারণসমূহ:

- (ক)
- (খ)
- (গ)
- (ঘ)

অতএব, উল্লিখিত বিষয়াদি বিবেচনা করিয়া সংগঠনের বিলোপসাধনের আদেশ প্রদানের
 জন্য অনুরোধ করিতেছি।

উল্লেখ্য, যে সভায় স্বচ্ছায় সংগঠনের বিলোপসাধনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়, সেই সভায় উপস্থিত সদস্যগণের
 সংখ্যা ছিল: জন, মোট সদস্য সংখ্যা: জন, প্রসঙ্গ নম্বর:,
 তারিখ:, এবং বিলোপসাধনের পক্ষে ভোট প্রদানকারী ব্যক্তির সংখ্যা জন।

আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্য নির্ভুল। উপরি-উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের একটি
 সত্যায়িত অনুলিপি ইহার সহিত সংযুক্ত করা হইল।

(উপরি-উক্ত সভায় বিলোপসাধনের পক্ষে ভোট দানকারী সকল সদস্যই নিম্নে স্বাক্ষর করিবেন)

আপনার বিশ্বস্ত,

ক্রম	সদস্যের নাম	সদস্য নম্বর	ঠিকানা	মোবাইল ফোন নম্বর	স্বাক্ষর
১	২	৩	৪	৫	৬
১।					
২।					
৩।					
..					

তফসিল '২'

ফরম-ক

[বিধি ২৪ দ্রষ্টব্য]

অভিভাবকত্বের আবেদন ফরম (ব্যক্তি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
১ (এক) কপি
সত্যায়িত ছবি

ফরম ক্রমিক নম্বর : [] [] [] [] [] []

বরাবর

সভাপতি

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা কমিটি

..... জেলা।

বিষয় : নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণের আবেদন।

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী আপনার আওতাধীন একজন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণে আগ্রহী। আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্য আপনার বিচেনার জন্য নিম্নে উল্লেখ করিলাম:

- (১) নাম :
- (২) মাতার নাম :
- (৩) পিতার নাম :
- (৪) জাতীয়তা : (৫) জাতিসত্তা :

(৬) ঠিকানা																	
বিবরণ	স্থায়ী ঠিকানা			বর্তমান ঠিকানা													
	নাম	কোড (বিবিএস)		নাম	কোড (বিবিএস)												
জেলা																	
উপজেলা/থানা																	
সিটি কর্পোরেশন/পৌরসভা																	
ইউনিয়ন/ওয়ার্ড																	
বাড়ি/সড়ক নম্বর ও নাম/গ্রাম																	
টেলিফোন/মোবাইল নম্বর																
ই-মেইল (যদি থাকে)																
(৭) ডাটাবেইজ লিংক																	
জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে)	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭

(৮)	জন্ম তারিখ (খ্রিস্টাব্দে) ও জন্মস্থান	<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>	জন্মস্থান:
(৯)	লিঙ্গ	<input type="checkbox"/> ১ পুরুষ	<input type="checkbox"/> ২ মহিলা	<input type="checkbox"/> ৩ হিজড়া	
(১০)	বৈবাহিক অবস্থা	<input type="checkbox"/> ১ অবিবাহিত	<input type="checkbox"/> ২ বিবাহিত	<input type="checkbox"/> ৩ তালাকপ্রাপ্ত	<input type="checkbox"/> ৪ বিধবা
		<input type="checkbox"/> ৫ বিপত্নীক	<input type="checkbox"/> ৬ বহুবিবাহ	<input type="checkbox"/> ৭ স্বামী/স্ত্রী বিছিন্ন	
(১১)	পরিবারের সদস্য সংখ্যা	<input type="checkbox"/> পুরুষ	<input type="checkbox"/> মহিলা	<input type="checkbox"/> হিজড়া	<input type="checkbox"/> মোট
(১২)	নিজ সন্তান সংখ্যা (ক্ষেত্রমত)	<input type="checkbox"/> পুরুষ	<input type="checkbox"/> মহিলা	<input type="checkbox"/> হিজড়া	<input type="checkbox"/> মোট
(১৩)	ধর্ম	<input type="checkbox"/> ১ ইসলাম	<input type="checkbox"/> ২ হিন্দু	<input type="checkbox"/> ৩ বৌদ্ধ	<input type="checkbox"/> ৪ খ্রিস্টান
		<input type="checkbox"/> ৯ অন্যান্য (নির্দিষ্ট করুন).....			
(১৪)	আবাসস্থলের অবস্থান (এলাকা)	<input type="checkbox"/> ১ গ্রাম	<input type="checkbox"/> ২ শহর	<input type="checkbox"/> ৩ বস্তি	
(১৫)	আবাসস্থলের অবস্থান (ভৌগোলিক)	<input type="checkbox"/> ১ সমতল	<input type="checkbox"/> ২ হাওড়	<input type="checkbox"/> ৩ উপকূল	<input type="checkbox"/> ৪ চর
		<input type="checkbox"/> ৫ পাহাড়	<input type="checkbox"/> ৬ বন	<input type="checkbox"/> ৯ অন্যান্য (নির্দিষ্ট করুন).....	
(১৬)	শিক্ষাগত অবস্থা (স্তরভিত্তিক সমমান প্রযোজ্য)	<input type="checkbox"/> ১ নিরক্ষর	<input type="checkbox"/> ২ সাক্ষরজ্ঞান	<input type="checkbox"/> ৩ পিএসসি/৫ম শ্রেণি	
		<input type="checkbox"/> ৪ জেএসসি/৮ম শ্রেণি	<input type="checkbox"/> ৫ এসএসসি	<input type="checkbox"/> ৬ এইচএসসি	<input type="checkbox"/> ৭ স্নাতক
		<input type="checkbox"/> ৮ স্নাতকোত্তর	<input type="checkbox"/> ৯ বিশেষ শিক্ষা	<input type="checkbox"/> ১০ অন্যান্য (নির্দিষ্ট করুন).....	
(১৭)	পেশা/বৃত্তি/জীবিকা	<input type="checkbox"/> ১ প্রযোজ্য নয়			
		<input type="checkbox"/> ২ কৃষি			
		<input type="checkbox"/> ৩ ব্যবসা			
		<input type="checkbox"/> ৪ সরকারি চাকুরি			
		<input type="checkbox"/> ৫ বেসরকারি চাকুরি			
		<input type="checkbox"/> ৬ শিক্ষকতা			
		<input type="checkbox"/> ৭ চিকিৎসা			
		<input type="checkbox"/> ৮ প্রকৌশল			
		<input type="checkbox"/> ১০ আইন			
		<input type="checkbox"/> ১১ গৃহকর্ম			
		<input type="checkbox"/> ১২ দিনমজুর			
		<input type="checkbox"/> ১৩ ভিক্ষাবৃত্তি			
		<input type="checkbox"/> ১৪ শিল্পী			
		<input type="checkbox"/> ১৫ বেকার			
		<input type="checkbox"/> ১৬ লেখাপড়া			
		<input type="checkbox"/> ৯ অন্যান্য (নির্দিষ্ট করুন).....			
(১৮)	বার্ষিক আয়	<input type="checkbox"/> ১ নাই			
		<input type="checkbox"/> ২ টা. ২৪,০০০ এর নিম্নে			
		<input type="checkbox"/> ৩ টা. ২৪,০০০-৪৮,০০০			
		<input type="checkbox"/> ৪ টা. ৪৮,০০০-৭২,০০০			
		<input type="checkbox"/> ৫ টা. ৭২,০০০-১,০৮,০০০			
		<input type="checkbox"/> ৬ টা. ১,০৮,০০০-২,৪০,০০০			
		<input type="checkbox"/> ৭ টা. ২,৪০,০০০ এবং তদূর্ধ্ব			
(১৯)	জমি/সম্পত্তির বিবরণ	বসতিভিটা.....একর/শতাংশ;			
		আবাদী/অনাবাদী.....একর/শতাংশ			
(২০)	বার্ষিক ব্যয়টাকা			

(২১)	বাসস্থানের বিবরণ	১	নিজস্ব বাড়িতে থাকি		২	নিজস্ব বাড়ি আছে, কিন্তু ভাড়া বাড়িতে থাকি অন্যকোনো তথ্য (নির্দিষ্ট করুন)
		৩	নিজস্ব বাড়ি নাই, ভাড়া বাড়িতে থাকি		৪	
(২২)	বাসস্থানের ধরন	১	টিনের ঘর	২	পাকা দেয়াল টিনের চাল <input type="checkbox"/> পাকা বাড়ি	
		৪	বহুতল বাড়ি	৫	অন্যকোনো তথ্য (নির্দিষ্ট করুন).....	
(২৩)	আবেদনের কারণ				
(২৪)	অঙ্গীকারনামা	আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, সংশ্লিষ্ট নিউরো- ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে নিজ সন্তানের ন্যায় লালন-পালন করিব। তাহাকে কোনো ধরনের ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত করিব না। তাহার সার্বিক বিকাশ নিশ্চিতকরণ এবং সমাজে প্রতিষ্ঠাকল্পে যথাপ্রয়োজন পদক্ষেপ গ্রহণ করিব। এই আইন ও বিধিমালার বিধান যথাযথভাবে অনুসরণ করিব।				

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

তারিখ:.....

ফরম খ
[বিধি ২৪ দ্রষ্টব্য]
অভিভাবকত্বের আবেদন ফরম (সংগঠন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
১(এক) কপি
সত্যায়িত ছবি

ফরমের ক্রমিক নম্বর : [] [] [] [] [] []

বরাবর
সভাপতি
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা কমিটি
----- জেলা।

বিষয় : নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণের আবেদন।

মহোদয়,

আমরা নিম্নস্বাক্ষরকারী ----- সংগঠনের পক্ষে আপনার আওতাধীন ---- জন নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্ব গ্রহণে আগ্রহী। সংগঠন সম্পর্কে প্রয়োজনীয় তথ্য আপনার বিবেচনার জন্য নিম্নে উল্লেখ করা হইল :

(১)	সংগঠনের নাম	:	----- -----
(২)	নিবন্ধন নম্বর	:	----- -----
(৩)	সভাপতির নাম	:	----- -----
(৪)	সাধারণ সম্পাদকের নাম	:	----- -----
(৫)	সংগঠনের ঠিকানা (ই-মেইলসহ)	:	----- ----- -----

(৬) ঠিকানা

বিবরণ	(ক) সভাপতির স্থায়ী ঠিকানা		(খ) সাধারণ সম্পাদকের স্থায়ী ঠিকানা	
	নাম	কোড (বিবিএস)	নাম	কোড (বিবিএস)
জেলা				
উপজেলা/থানা				
সিটি/কর্পোরেশন/পৌরসভা				
ইউনিয়ন/ওয়ার্ড				
বাড়ী/সড়ক নম্বর ও নাম/গ্রাম				
টেলিফোন/মোবাইল নম্বর	----- ----- -----		----- ----- -----	
ই-মেইল (যদি থাকে)	----- -----		----- -----	

(৭) ডাটাবেইজ লিংক	
সভাপতির জাতীয় পরিচয়পত্র নম্বর	
সাধারণ সম্পাদকের জাতীয় পরিচয়পত্র নম্বর	

(৮)	সংগঠনের বার্ষিক আয়	:	----- -----										
(৯)	সংগঠনের বার্ষিক ব্যয়	:	----- -----										
(১০)	সংগঠনের জমি/সম্পত্তি	:	ভবন ----- একর/শতাংশ; আবাদী/অনাবাদী ----- একর /শতাংশ										
(১১)	হোস্টেল ভবনের প্রকৃতি	:	<table border="1" style="display: inline-table; margin-right: 20px;"> <tr> <td style="width: 20px; text-align: center;">১</td> <td>টিনের ঘর</td> </tr> <tr> <td style="width: 20px; text-align: center;">৪</td> <td>বহুতল বাড়ি</td> </tr> </table> <table border="1" style="display: inline-table; margin-right: 20px;"> <tr> <td style="width: 20px; text-align: center;">২</td> <td>পাকা দেয়াল টিনের চাল</td> </tr> <tr> <td style="width: 20px; text-align: center;">৫</td> <td>অন্যকোনো তথ্য (নির্দিষ্ট করুন) -----</td> </tr> </table> <table border="1" style="display: inline-table;"> <tr> <td style="width: 20px; text-align: center;">৩</td> <td>পাকা বাড়ি</td> </tr> </table>	১	টিনের ঘর	৪	বহুতল বাড়ি	২	পাকা দেয়াল টিনের চাল	৫	অন্যকোনো তথ্য (নির্দিষ্ট করুন) -----	৩	পাকা বাড়ি
১	টিনের ঘর												
৪	বহুতল বাড়ি												
২	পাকা দেয়াল টিনের চাল												
৫	অন্যকোনো তথ্য (নির্দিষ্ট করুন) -----												
৩	পাকা বাড়ি												
(১২)	অঙ্গীকারনামা	:	আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে নিজ সন্তানের ন্যায় লালন-পালন করিব। সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধীকে কোনো ধরনের ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত করিব না। সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সার্বিক বিকাশ নিশ্চিতকরণ এবং সমাজে প্রতিষ্ঠাকল্পে যথাপ্রয়োজন পদক্ষেপ গ্রহণ করিব। এই আইন ও বিধিমালার বিধান যথাযথভাবে অনুসরণ করিব।										

সংযুক্তি (আবেদনপত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে) :

- (ক) নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
- (খ) অভিভাবকত্ব গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত সম্বলিত কার্যকরী পরিষদের সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি;
- (গ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্রের সত্যায়িত অনুলিপি (অভিভাবকত্ব গ্রহণ সম্পর্কিত বিধান সন্নিবেশ থাকিতে হইবে);
- (ঘ) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কার্যকরী কমিটির সত্যায়িত অনুলিপি;
- (ঙ) চলমান কর্মসূচি সম্পর্কে সংশ্লিষ্ট জেলা কমিটির সভাপতি বা তৎকর্তৃক মনোনীত কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন;
- (চ) সংগঠনের কার্যক্রম সম্ভাষণজনক এবং অভিভাবকত্ব গ্রহণে সক্ষম মর্মে জেলা কমিটির সভাপতি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- (ছ) সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত ব্যাংক হিসাব বিবরণী;
- (জ) সংশ্লিষ্ট সংগঠনের ব্যাংক হিসাবে ৫(পাঁচ) লক্ষ টাকা স্থিতি রহিয়াছে মর্মে ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- (ঝ) বর্তমান কর্মসূচির বিস্তারিত বিবরণ এবং উপকৃতের সংখ্যাসহ তালিকা;
- (ঞ) সাধারণ সদস্যগণের নাম, মাতা-পিতার নাম, ঠিকানা, পেশা, স্বাক্ষরসহ তালিকা;
- (ট) সংগঠনের কর্মকর্তা/কর্মচারীর (নাম, পদবী ও বেতন সম্বলিত) তালিকা;
- (ঠ) এক বৎসরের সম্ভাব্য বাজেট;
- (ড) বার্ষিক প্রতিবেদন;
- (ঢ) আয়ের উৎস ও ব্যয়ের খাতের বিবরণী সম্বলিত নিরীক্ষা প্রতিবেদন।

সাধারণ সম্পাদকের স্বাক্ষরসহ সীলমোহর

সভাপতির স্বাক্ষরসহ সীলমোহর

ফরম-গ

[বিধি ২৭ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]
অভিভাবকের সামর্থ্য ও যথার্থতা যাচাই প্রতিবেদন

বরাবর

সভাপতি

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা কমিটি

..... জেলা।

বিষয় : অভিভাবকের সামর্থ্য ও যথার্থতা নিরূপণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল।

মহোদয়,

আমি নিম্ন স্বাক্ষরকারী তারিখে সংশ্লিষ্ট আবেদনকারী অভিভাবকের (ব্যক্তি/সংগঠনের) নাম:, মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):, পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে):, (ব্যক্তি/সংগঠনের) বর্তমান ঠিকানা: গ্রাম, ডাকঘর, সিটি কর্পোরেশন বা পৌরসভার ওয়ার্ড নম্বর/ইউনিয়নের নাম:, উপজেলা/থানা:, জেলা:, এর সামর্থ্য ও যথার্থতা নিরূপণের নিমিত্ত সরেজমিন অনুসন্ধান করি।

২। আবেদনকারীর আবেদনের অনুচ্ছেদে বর্ণিত তথ্যাদি সঠিক পাওয়া যায় এবং অনুচ্ছেদে বর্ণিত তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই।

৩। অনুসন্ধানে উপর্যুক্ত তথ্য ছাড়াও নিম্নে বর্ণিত তথ্য বিশেষভাবে উল্লেখযোগ্য :

.....
.....
.....
.....
.....
.....
.....
.....

৪। আবেদনকারী সম্পর্কে আমার মতামত নিম্নরূপ:

.....
.....
.....
.....
.....
.....
.....
.....

৫। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবক হিসাবে আবেদনকারী জনাব/..... (সংগঠনের নাম) এর আবেদন সদয় মঞ্জুর করা যাইতে পারে/মঞ্জুর করা সমীচীন হইবে না।

.....
 তদন্তকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ এবং নামসহ সীলমোহর

ফরম-ঘ

[বিধি ২৭ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]

‘অভিভাবকত্বের আবেদন মঞ্জুর সংক্রান্ত সুপারিশ’ ফরম

ক্রমিক নং	অভিভাবকত্বের আবেদনকারী ব্যক্তি/সংগঠনের নাম ও ঠিকানা	মাতা/সভাপতির নাম (ক্ষেত্রমত)	পিতা/সাধারণ সম্পাদকের নাম (ক্ষেত্রমত)	জাতীয় পরিচয়পত্র নম্বর/নিবন্ধন সনদ নম্বর
১	২	৩	৪	৫

জন্ম তারিখ/ নিবন্ধনের তারিখ	লিঙ্গ (ক্ষেত্রমত)	বৈবাহিক অবস্থা (ক্ষেত্রমত)	পরিবার/সংগঠনের সাধারণ পরিষদের সদস্য সংখ্যা (ক্ষেত্রমত)	নিজ সন্তান/ কার্যকরী পরিষদের সদস্য সংখ্যা	ধর্ম (ক্ষেত্রমত)	আবাসস্থল/ সংগঠনের অবস্থান (এলাকা)
৬	৭	৮	৯	১০	১১	১২

শিক্ষাগত অবস্থা (ক্ষেত্রমত)	পেশা (ক্ষেত্রমত)	বার্ষিক আয়	বার্ষিক ব্যয়	বাসস্থানের বিবরণ/ সংগঠনের জমি/ সম্পত্তি	বাসস্থানের ধরন/ হোস্টেল ভবনের প্রকৃতি
১৩	১৪	১৫	১৬	১৭	১৮

স্থায়ী ঠিকানা/সংগঠনের সভাপতির বর্তমান ঠিকানা	বর্তমান ঠিকানা/সাধারণ সম্পাদকের বর্তমান ঠিকানা	নির্দিষ্ট কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের আবেদন হইলে তাহার নাম ও প্রতিবন্ধিতার ধরন (ক্ষেত্রমত)
১৯	২০	২১

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির পরিচিতি নম্বর (ক্ষেত্রমত)	নির্দিষ্ট কোনো নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবকত্বের আবেদন হইলে অভিভাবক কর্তৃক পালনীয় দায়িত্ব (ক্ষেত্রমত)	জেলা কমিটির সুপারিশ	মন্তব্য
২২	২৩	২৪	২৫

ফরম-৬

[বিধি ২৯ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]

সনদপত্র

ক্রমিক নম্বর :

তারিখ:.....বঙ্গাব্দ/.....খ্রিস্টাব্দ : ক্রমিক নম্বর:..... তারিখ:.....বঙ্গাব্দ/.....খ্রিস্টাব্দ

নাম: : এতদ্বারা আমি প্রত্যয়ন করিতেছি যে, জনাব

মাতার নাম: : মাতার নাম: পিতার

পিতার নাম: : নাম: জাতীয় পরিচয়পত্র নম্বর:

জাতীয় পরিচয়পত্র নম্বর: : স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা:

স্থায়ী ঠিকানা: : বাড়ি নম্বর:, সড়ক নম্বর:

..... : ডাকঘর:, উপজেলা/থানা:

বর্তমান ঠিকানা : : জেলা:, বর্তমান ঠিকানা: গ্রাম/মহল্লা:

..... : বাড়ি নম্বর:, সড়ক নম্বর:

..... : ডাকঘর:, উপজেলা/থানা:.....,

..... : জেলা:..... সফলভাবে অভিভাবক প্রশিক্ষণ সম্পন্ন করায়

সনদপত্র গ্রহণকারীর স্বাক্ষর : নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বিধিমালা, ২০১৫

: এর বিধি ২৯ এর উপ-বিধি (১) এর অধীন বঙ্গাব্দসনের

: মাসের তারিখ মোতাবেক খ্রিস্টাব্দ

:সনের মাসের তারিখে আমার

: নিজ স্বাক্ষরে এবং সরকারি সীলমোহরে নিউরো-ডেভেলপমেন্টাল

: প্রতিবন্ধী ব্যক্তির অভিভাবক/প্রতিপালক হিসাবে এই সনদপত্র ইস্যু

: করা হইল।

নিবন্ধনকারী কর্তৃপক্ষের স্বাক্ষরনিবন্ধনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

সীলমোহর

ফরম-চ

[বিধি ২৯ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

‘প্রশিক্ষণপ্রাপ্ত অভিভাবক/প্রতিপালক রেজিস্টার’

ক্রম	অভিভাবক/প্রতিপালকের নাম	সনদের ক্রমিক নম্বর	মাতার নাম	পিতার নাম	জাতীয় পরিচয়পত্র নম্বর
১	২	৩	৪	৫	৬

জন্ম তারিখ	লিঙ্গ	বৈবাহিক অবস্থা	পরিবারের সদস্য সংখ্যা / সংগঠনের নাম ও ঠিকানা (ক্ষেত্রমত)	নিজ সন্তান সংখ্যা (ক্ষেত্রমত)	ধর্ম
৭	৮	৯	১০	১১	১২

শিক্ষাগত অবস্থা	পেশা	বার্ষিক আয় (ক্ষেত্রমত)	বার্ষিক ব্যয় (ক্ষেত্রমত)
১৩	১৪	১৫	১৬

স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	মন্তব্য
১৭	১৮	১৯

ফরম-ছ

[বিধি ২৯ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]

চুক্তিনামা

চুক্তিনামা স্বাক্ষরের তারিখ :

প্রথম পক্ষ : জেলা প্রশাসক (নাম ও কর্মস্থল লিখিতে হইবে)

দ্বিতীয় পক্ষ : অভিভাবক (নাম, ঠিকানা ও ফোন নম্বর লিখিতে হইবে)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে দ্বিতীয় পক্ষ.....নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির দায়িত্বভার গ্রহণে সম্মত হওয়ায় এবং নিম্নবর্ণিত শর্তাবলী যথাযথভাবে পালনে অঙ্গীকার করায় অদ্যতারিখে প্রথম পক্ষ.....এবং দ্বিতীয় পক্ষ..... এর মধ্যে চুক্তিনামা স্বাক্ষরিত হইল।

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির লালন-পালন বিষয়ক শর্তাবলী :

- (ক) নিজ সন্তানের ন্যায় ভরণ-পোষণ প্রদান;
- (খ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির প্রতি কোনোরূপ বৈষম্য না করা;
- (গ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে আদর-স্নেহ ও ভালবাসা দেওয়া;
- (ঘ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির শিক্ষা বা উচ্চ শিক্ষা অথবা তাহার উপযোগী প্রশিক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- (ঙ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিকে যুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত না করা;
- (চ) বাল্যবিবাহ না দেওয়া;
- (ছ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সকল প্রকার আইনগত দায়িত্ব গ্রহণ;
- (জ) ভবিষ্যতে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি যাহাতে আর্থিকভাবে স্বাবলম্বী হয় উহার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
- (ঝ) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এবং তদধীন প্রণীত বিধিমালা অনুসারে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির সর্বোত্তম স্বার্থ নিশ্চিতকল্পে যথাপ্রয়োজন ব্যবস্থা গ্রহণ;
- (ঞ) (প্রথমপক্ষ কর্তৃক আরোপিত অন্য কোনো শর্ত থাকিলে উল্লেখ থাকিবে)।

প্রথম পক্ষের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর

সাক্ষীগণের স্বাক্ষর :

(১)

(২)

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির মাতা-পিতা বা বর্ধিত পরিবারের সদস্যের স্বাক্ষর (যদি থাকে) :

ফরম-জ

[বিধি ২৯ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য]

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তি হস্তান্তর রেজিস্টার

ক্রম	অভিভাবকের নাম	নিবন্ধন নম্বর	মাতার নাম	পিতার নাম	জাতীয় পরিচয়পত্র নম্বর
১	২	৩	৪	৫	৬

জন্ম তারিখ	লিঙ্গ	বৈবাহিক অবস্থা	পরিবারের সদস্য সংখ্যা	নিজ সন্তানের সংখ্যা	ধর্ম	আবাসস্থলের অবস্থান (এলাকা)
৭	৮	৯	১০	১১	১২	১৩

শিক্ষাগত অবস্থা	পেশা	বার্ষিক আয়	বার্ষিক ব্যয়	বাসস্থানের বিবরণ	বাসস্থানের ধরন
১৪	১৫	১৬	১৭	১৮	১৯

স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	হস্তান্তরিত নিউরো- ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির নাম	নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তির পরিচিতি নম্বর	মাতার নাম ও মোবাইল ফোন নম্বর
২০	২১	২২	২৩	২৪

পিতার নাম ও মোবাইল ফোন নম্বর	লিঙ্গ	জন্ম তারিখ	ধর্ম	গ্রহণকারী অভিভাবকের স্বাক্ষর	সদস্য সচিবের স্বাক্ষর	মন্তব্য
২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১

রাষ্ট্রপতির আদেশক্রমে

নিরঞ্জন দেবনাথ

উপসচিব (প্রশা-৫ অধিঃ)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd